কালী কমলীওয়ালা তাঁর প্রতিষ্ঠিত সত্রের ভার স্বামীজীকে দিতে চেয়েছিলেন। শ্রীম বলেছেন একথা।[১৪]একথা স্বামী নির্লেপানন্দের ''স্বামীজীর স্মৃতি সঞ্চয়ন'' পুস্তকে উল্লিখিত আছে।[১৫] এই স্মৃতিকথা , পূর্বে প্রকাশিত হয়েছিল 'উদ্বোধন' পত্রিকায়। কালী কমলীওয়ালা এসেছিলেন কলকাতায় — বড় বাজারে শিউপরসাদ ঝুনঝুনওয়ালার বাড়িতে। তাঁকে নিয়ে আসতে বললেন স্বামী ত্রিগুণাতীতানন্দ। কালী কমলীওয়ালা দেখা করবেন স্বামী ব্রহ্মানন্দ ও স্বামী যোগানন্দের সঙ্গে। এঁরা সবাই তখন ছিলেন শ্রীমা সারদাদেবীর বাগবাজারের ভাড়াবাড়িতে। শ্রীমায়ের এই বাসভবনটি ছিল বাগবাজারে ৩ নম্বর সরকার বাড়ি লেনে। স্বামীজী তখন পাশ্চাত্যে। কালী কমলীওয়ালা শ্রীমায়ের বাসভবনে এলেন। স্বামী ব্রহ্মানন্দজী তখন স্নান করছিলেন। স্নান করে দেখা করলেন তাঁর সঙ্গে। রাজা মহারাজ বললেন ঃ '' মৈ আপকা ক্যা সেবা করুঁ —আপ ক্যা পাওয়েঙ্গে মহারাজ।'' কালী কমলীওয়ালার উত্তর ঃ '' যো কুছ মিলেগী।'' ওখানেই শ্রীঠাকুরের প্রসাদ পেলেন তিনি। তাঁকে স্বামীজীর বক্তৃতা পড়ে ভাবার্থ শোনালেন স্বামী যোগানন্দ। তারপরেই কালী কমলীওয়ালা স্বামী ব্রহ্মানন্দকে তাঁর প্রতিষ্ঠিত সব সত্রগুলোর পরিচালন-ভার অর্পণ করতে চাইলেন। তবে তিনি কতকগুলি শর্ত আরোপ করেছিলেন। তাঁর এই প্রস্তাব বিদেশে স্বামীজীকে জানানো হলো। শর্তগুলি স্বামীজীর পছন্দ হয়নি। ফলে অধিগ্রহণের কাজ আর এগোয়নি।[১৬]

কোন্ সময়ে কালী কমলীওয়ালা স্বামী ব্রহ্মানন্দের সঙ্গে কথাবার্তা বলতে এসেছিলেন ? সরকার বাড়ি লেনে শ্রীমা সারদাদেবী সঙ্গীসহ ৫/৬ মাস বাস করেছিলেন ১৮৯৬ খ্রীষ্টাব্দের মে মাস থেকে। ব্রহ্মানন্দজী, যোগানন্দজী প্রমুখ দোতালায় থাকতেন। তিনতলায় ছিল শ্রীমায়ের বাসস্থান।[১৭] আর কালী কমলীওয়ালার দেহত্যাগ হয় কাশীধামে ১৮৯৬ খ্রীষ্টাব্দে।[১৮] সুতরাং এ থেকে সহজে অনুমিত হয় যে, তাঁর নশ্বর দেহ পরিত্যাগের আগে ১৮৯৬ খ্রীষ্টাব্দের মে মাসের পর কোন একসময়ে কালী কমলীওয়ালার সঙ্গে স্বামী ব্রহ্মানন্দের সাক্ষাৎকার হয়েছিল।

---

১ ভারতের সাধক - শঙ্করনাথ রায়, ১ম খন্ড (১৩৯২), পৃঃ ৪৬৮

২ ঐ, পৃঃ ৪৬৯

৩ ভা রতের সাধক,পৃ ৪৬৯

৪ এদের প্রধান কার্যালয় কলকাতায়। ঠিকানা ঃ বাবা কালী কমলীওয়ালা পঞ্চায়েৎ ক্ষেত্র, ২০৮, মহাত্মাগান্ধী রোড, কলিকাতা - ৭।

এই প্রতিষ্ঠানের সংখ্যা নিম্নরূপ ঃ সদাব্রত-৬৫, দাতব্য চিকিৎসালয়-৬৫, ধর্মশালা-৯০, পানি-পিয়াও-৭০, মন্দির - ৬০, গোশালা-৫, পাঠশালা - ২, অনাথ আশ্রম - ২, আয়ুর্বেদ কলেজ ও ওষুধের কারখানা-১। এই সংখ্যা বাংলা ১৩৯০ সালের। বর্তমানে সংখ্যা নিশ্চয় আরো বেড়েছে। প্রধান কার্যালয়ে যোগাযোগ করা হলে প্রবন্ধকারকে বর্তমানের সঠিক সংখ্যা দিতে পারেননি।

৫ ভারতের সাধক, পৃঃ ৪৬৯

৬ যুগনায়ক বিবেকানন্দ - স্বামী গম্ভীরানন্দ, ১ম খন্ড (প্রথম সংস্করণ, ১৩৭৩), পৃঃ ২৪৮-২৪৯

৭ ঐ, ২৯০ - ২৯৪

৮ শ্রীম দর্শন - স্বামী নিত্যাত্মানন্দ, ৪র্থ ভাগ (২য় সংস্করণ, ১৩৮২), পৃঃ ১০৬

৯ ঐ, ৪র্থ ভাগ, পৃঃ ১০৫

১০ ঐ, ৬ষ্ঠ ভাগ, পৃঃ ৭৩

১১ শ্রীমৎ বিবেকানন্দ স্বামীজীর জীবনের ঘটনাবলী- মহেন্দ্রনাথ দত্ত, ২য় খন্ড (৫ম মূদ্রণ, ১৯৮৭) পৃঃ ১২৪

এই সূত্রে মহেন্দ্রনাথের পরবর্তী মন্তব্য সম্পর্কে দ্বিমত থাকতে পারে। তিনি লিখেছেন ঃ ‘‘নরেন্দ্রনাথের কর্মের ভাব কম্বলি-বাবার কার্য দেখিয়া অনেক পরিমাণে জাগ্রত হইয়াছিল, ইহা বেশ অনুমান করিতে পারা যায়। হৃষীকেশে তাঁর পীড়ার সময় ঔষধ ও চিকিৎসার বিশেষ অসুবিধা হইয়াছিল এবং সাধুদিগের শরীর অসুস্থ হইলে কিরূপ দূর্গতি হয় এইসকল বিষয় তিনি পরিদর্শন ও হৃদয়ে উপলব্ধি করিয়া সেবাশ্রম করিবার জন্য এত প্রয়াস করিয়াছেন।’’ (পৃঃ ১২৪)

১২ ভারতের সাধক, পৃঃ ৪৭০

১৩ শ্রীম দর্শন, ৪র্থ ভাগ, পৃঃ১০৫

১৪ ঐ, পৃঃ ১০৬

১৫ স্বামীজীর স্মৃতি সঞ্চয়ন - স্বামী নির্লেপানন্দ (২য় মুদ্রণ, ১৩৮২), পৃঃ ৮৬-৮৭

১৬ উদ্বোধন, ৪২শ বর্ষ - ৬ষ্ঠ সংখ্যা , আষাঢ় (১৩৪৭), পৃঃ ২৯৮-২৯৯

১৭ শ্রীমা সারদাদেবী - স্বামী গম্ভীরানন্দ, উদ্বোধন কার্যালয়, কলিকাতা (৫ম সংস্করণ, ১৩৮১), পৃঃ ২১৫

১৮ ভারতের সাধক , পৃঃ ৪৭০

# দারিদ্র্য, সন্ত্রাস, সাম্প্রদায়িকতা, অসাম্য ও হিংসা মুক্ত পৃথিবীর স্বপ্ন কি স্বপ্নই থেকে যাবে?

**স্বামী পূর্ণাত্মানন্দ**
**সম্পাদক, রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের**
**পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র, কলকাতা**

পৃথিবীর সর্ববৃহৎ আন্তর্জাতিক মঞ্চ রাষ্ট্রপুঞ্জের সুবর্ণজয়ন্তী বা ৫০তম প্রতিষ্ঠাবার্ষিকী উৎসব অনুষ্ঠিত হয় ১৯৯৫ সালের ২৪ অক্টোবর আমেরিকার নিউ ইয়র্ক শহরে। তিনদিনব্যাপী (২২-২৪ অক্টোবর ১৯৯৫) এই উৎসব - অনুষ্ঠানে পৃথিবীর ১৮৫টি দেশের শীর্ষনেতৃবৃন্দ অংশগ্রহণ করে একে প্রকৃতপক্ষেই একটি বিশ্বজনীন আকার দান করেন। ১৯৪৫ সালের ২৪ অক্টোবর শতাব্দীর সর্বাপেক্ষা প্রতিশ্রুতিপূর্ণ ঘটনা - রাষ্ট্রপুঞ্জের জন্ম হয়েছিল আমেরিকার সান ফ্রান্সিসকো শহরে। শতাব্দীর সর্বাপেক্ষা কলঙ্কিত অধ্যায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়েছিল ঐ বছরের ২ সেপ্টেম্বর জাপানের নিঃশর্ত আত্মসমর্পণের মাধ্যমে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়েছিল ১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর জার্মানির পোল্যান্ড আক্রমণের মাধ্যমে। এত বিশাল ধ্বংস ও জীবনহানি পৃথিবীর ইতিহাসে সেই প্রথম। এই যুদ্ধে এক কোটি মানুষের জীবনের আলো নিভে গিয়েছিল, আহতের সংখ্যাও ছিল বিরাট। যুদ্ধ -সমাপ্তির পূর্বে ১৯৪৫ সালের ৬ আগস্ট জাপানের হিরোসিমা ও নাগাসাকিতে আণবিক বোমা নিক্ষিপ্ত হয়। প্রলয়ঙ্কর এই মারণাস্ত্র নিক্ষেপের পরিণতি দেখে আতঙ্কিত হয়ে ওঠে গোটা বিশ্ব। এই মহাবিধ্বংসী যুদ্ধের পর পৃথিবীতে স্থায়ী শান্তির প্রশ্ন ও প্রয়াসকে সুরক্ষিত করার জন্য ব্যস্ত হয়ে পড়েন বিজয়ী শক্তিগুলিও। পৃথিবীর ৫০টি রাষ্ট্র সম্মিলিত হয়ে প্রতিষ্ঠা করেন 'ইউনাইটেড নেশন্স' বা 'রাষ্ট্রপুঞ্জ'। বর্তমানে এই বিশ্বসংগঠনটির সদস্যসংখ্যা প্রায় পৌনে দুশ। গত শতাব্দীর দ্বিতীয় দশকে ১৯১৪ সালে আত্মপ্রকাশ করেছিল শতাব্দীর প্রথম দুর্দৈব - প্রথম বিশ্বযুদ্ধ। প্রায় পাঁচবছর পর ১৯১৮ সালের শেষে (১১ নভেম্বর) প্রথম বিশ্বযুদ্ধ শেষ হয়। ইউরোপের দেশগুলির মধ্যে সঙ্কীর্ণ স্বার্থজড়িত মনোমালিন্যের সূত্রে যে-যুদ্ধের শুরু, ক্রমে তা বিস্তৃত হয়ে পড়েছিল সারা বিশ্বে। লক্ষ লক্ষ মানুষের প্রাণহানি এবং কোটি কোটি টাকার সম্পদ ধ্বংসের পর যখন এই যুদ্ধ শেষ হলো, তখন বিশ্বনেতৃবর্গ আবিষ্কার করলেন, এমন একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও অনুশাসনাবলী গঠন করা প্রয়োজন, যা আগামী দিনে পৃথিবীতে এমন ভয়াবহ যুদ্ধের আত্মপ্রকাশের সম্ভাবনাকে নির্মূল করবে। সেই আবিষ্কারের সূত্র ধরেই ১৯১৯ সালে সংগঠিত হয়েছিল 'লীগ অফ নেশন্স'। শান্তিস্থাপনের প্রয়াসে গঠিত 'লীগ অফ নেশন্স' কার্যত ব্যর্থ হয়েছিল। কারণ, ক্ষমতালোভী, যুদ্ধবাজ রাষ্ট্রপ্রধানগণ তলে তলে অস্ত্রে শান দিয়েই চলছিলেন। তারই ফলে অধিকতর ভয়ঙ্করভাবে একদিন আত্মপ্রকাশ করল দ্বিতীয় বিশ্বযুদ্ধ। বাংলার এক অখ্যাত পল্লী জয়রামবাটীতে বসে শ্রীমা সারদাদেবী সুস্পষ্ট ভাষায় বলেছিলেন, 'লীগ অফ নেশন্স'-এর অঙ্গীকারপত্র বিশ্বনেতৃবৃন্দের মুখের কথা মাত্র, অন্তরের ভাষা নয়। বিশ্বের রাষ্ট্রনায়কগণের এই নির্লজ্জ দ্বিচারিতা এবং স্ববিরোধিতায় চূড়ান্ত হতাশ হয়েছিলেন রবীন্দ্রনাথ। সেই চরম হতাশাই ব্যক্ত হয়েছিল তাঁর লেখনীমুখেঃ

> ''নাগিনীরা দিকে দিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস,
> শান্তির ললিত বাণী শোনাইবে ব্যর্থ পরিহাস।'' ('প্রান্তিক')

দুর্ভাগ্যবশত দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হওয়ার পর পৃথিবীকে অসাম্য ও যুদ্ধ-মুক্ত করার প্রয়াসে যে-রাষ্ট্রপুঞ্জ সংগঠিত হয়েছিল, সেই রাষ্ট্রপুঞ্জও তার লক্ষ্যে শোচনীয়ভাবে ব্যর্থ হয়েছে। রাষ্ট্রপুঞ্জের সুবর্ণজয়ন্তী অধিবেশনে তার মহাসচিবও সেকথা স্বীকার করতে বাধ্য হয়েছেন। রাষ্ট্রপুঞ্জের সাফল্যের তুলনায় ব্যর্থতার তালিকাই বিরাট এবং ব্যর্থতার কারণ এতটাই সুস্পষ্ট যে, তা অনুসন্ধান করার জন্য মোটেই গভীরে যাওয়ার প্রয়োজন নেই। সেই কারণ হলো - পৃথিবীর এই সর্ববৃহৎ আন্তর্জাতিক প্রতিষ্ঠানটি, যার পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা শক্তিশালী ও প্রভাবশালী সংগঠন হিসাবে পৃথিবীর সমস্ত রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক সমস্যাগুলির নিয়ন্ত্রণ ও নিরসন করার কথা ছিল, একটি নখদন্তহীন কাগজী বাঘে পরিণত হয়েছে এবং তার ভূমিকাকে ক্রমশই আন্তর্জাতিক আর্থ-সামাজিক-সাংস্কৃতিক-রাজনৈতিক ব্যবস্থায় সম্পূর্ণরূপে গুরুত্বহীন করে দেওয়ার উদ্যোগ ও প্রয়াস শুরু হয়েছে। এর পরিপ্রেক্ষিতে কেউ কেউ রাষ্ট্রপুঞ্জ ব্যাপারটিকেই এক বিরাট তামাসা বলে অভিহিত করছেন। তবে এটা ঘটনা যে, রাষ্ট্রপুঞ্জ আজ বিশ্বের বৃহৎ শক্তিগুলির (মার্কিন যুক্তরাষ্ট্র, ব্রিটেন, ফ্রান্স, রাশিয়া এবং চীন) নিছক

ক্রীড়নকে পরিণত। এই শক্তিগুলি যা খুশি করছে, পদে পদে রাষ্ট্রপুঞ্জের ঘোষিত নীতিগুলি লঙ্ঘন করছে এবং রাষ্ট্রপুঞ্জের মর্যাদাকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে নিজেদের আত্মম্ভরিতা প্রকাশ করে চলেছে। সুবর্ণজয়ন্তী উৎসবে বৃহৎ শক্তিবর্গের পক্ষ থেকে যে-বক্তব্য উপস্থাপিত হয়েছে তাকে আত্মম্ভরী মুরুব্বিয়ানা ছাড়া আর কিছু বলা চলে না। যেন তারা, বিশেষত আমেরিকা, গোটা পৃথিবীর স্বঘোষিত অভিভাবকত্বের দায়িত্বপ্রাপ্ত। আনন্দের বিষয় যে, ভারত-সহ কয়েকটি রাষ্ট্র বৃহৎ শক্তিবর্গের এই মুরুব্বিয়ানার বিরুদ্ধে তর্জনী তুলেছে। বস্তুত, এই মৌরসিপাট্টার অবসান না ঘটলে রাষ্ট্রপুঞ্জের পক্ষে আন্তর্জাতিক দ্বন্দ্ব ও সঙ্ঘাত নিরসনের ক্ষেত্রে আগামী পঞ্চাশ বছরেও কোন অর্থবহ ভূমিকা গ্রহণ করা সম্ভব হবে না।

প্রসঙ্গত উল্লেখযোগ্য, শতবর্ষ পূর্বে বৃহৎ শক্তিগুলির এই মুরুব্বিয়ানা ও মাতব্বরির বিরুদ্ধে বলিষ্ঠ ভাষায় সরব হয়েছিলেন তরুণ ভারতীয় সন্ন্যাসী স্বামী বিবেকানন্দ। আমেরিকার মাটিতে দাঁড়িয়ে শিকাগোর আন্তর্জাতিক মঞ্চভূমিতে পরাধীন, দরিদ্র ও উপেক্ষিত ভারতবর্ষের প্রতিনিধি স্বামী বিবেকানন্দ দেখিয়েছিলেন, ঐ ব্যাধি যেন তাদের উত্তরাধিকার। তাদের সেই নগ্ন আত্মম্ভরিতার মুখোশ খুলে দিয়েছিলেন স্বামীজী। তিনি বলিষ্ঠ ভাষায় বলেছিলেন ঃ ''আমরা যাঁরা প্রাচ্য দেশ থেকে এসেছি, এখানে বসে দিনের পর দিন মাতব্বরী ভাষায় শুনছি যে, আমাদের খ্রীস্টধর্ম গ্রহণ করা উচিত, কেননা খ্রীস্টান জাতিসমূহ সর্বাপেক্ষা সমৃদ্ধশালী। আমাদের চারপাশে তাকিয়ে আমরা দেখতে পাই যে, পৃথিবীতে খ্রীস্টান দেশসমূহের মধ্যে ইংল্যান্ড পঁচিশ কোটি এশিয়াবাসীর গলায় পা দিয়ে বিত্তবৈভব লাভ করেছে। ইতিহাসের পৃষ্ঠা উলটে আমরা দেখি, খ্রীস্টান-ইউরোপের সমৃদ্ধি শুরু হয় স্পেনে, আর স্পেনের ঐশ্বর্যলাভ মেক্সিকো আক্রমণের পর থেকে। খ্রীস্টানরা সম্পদশালী হয় মনুষ্যভ্রাতাদের গলা কেটে। এই মূল্যে আমরা সম্পদশালী হতে চাই না।'' শতবর্ষ আগে আন্তর্জাতিক ধর্মীয় মঞ্চে পাশ্চাত্যের প্রতিনিধিগণ যে-মুরুব্বিয়ানা দেখিয়ে চলছিলেন, আজ পাশ্চাত্য তথা বৃহৎ শক্তিবর্গের কর্ণধারগণ আন্তর্জাতিক রাষ্ট্রনৈতিক মঞ্চে তারই পুনরাবৃত্তি করে চলেছেন। সময় অগ্রসর হয়েছে, কিন্তু তাঁদের মানসিকতার কোন পরিবর্তন হয়নি।

ধর্মমহাসভায় যেমন ভারতবর্ষ থেকে বৃহৎ শক্তিবর্গের প্রাধান্য-প্রতিষ্ঠার মানসিকতা ও প্রকাশ্য প্রচেষ্টার বিরুদ্ধে বলিষ্ঠ প্রতিবাদ উঠেছিল, এবারেও ভারত থেকে ঐ মানসিকতা ও প্রকাশ্য প্রয়াসের তীব্র নিন্দা করা হয়েছে। নিউ ইয়র্কে গত ২৯ সেপ্টেম্বর ১৯৯৫ রাষ্ট্রপুঞ্জের সাধারণ সভায় সুবর্ণজয়ন্তী অধিবেশনে ভারতের পররাষ্ট্র মন্ত্রীর বলিষ্ঠ ভাষণের কথা এখানে স্মরণ করছি। গত ২৪ অক্টোবর সুবর্ণজয়ন্তীর মূল অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী ভারতের বক্তব্য ও অভিমতকে তীব্রতর করেছেন। মনে হয়, অন্যায় ও শোষণের বিরুদ্ধে ভারতবর্ষ যেন শুধু প্রতিবাদীর কণ্ঠ তোলার জন্যই নয়, বিশ্বের বিবেকের ভূমিকা গ্রহণ করার জন্যও বিধাতা -- নির্দিষ্ট।

পৃথিবীতে যুদ্ধমুক্ত পরিবেশ প্রদানের যে-অঙ্গীকার রাষ্ট্রপুঞ্জের সনদে গৃহীত হয়েছিল, শক্তি, সামর্থ্য ও সমৃদ্ধির নিরিখে তাকে বাস্তবায়িত করার দায়িত্ব কিন্তু বৃহৎ শক্তিবর্গেরই। কিন্তু সেই প্রাসঙ্গিক দায়বদ্ধতা থেকে বাস্তবে বারবার তারা সদম্ভে সরে গিয়েছে। সাম্প্রতিক কালে আমরা দেখেছি, রাষ্ট্রপুঞ্জ এক্ষেত্রে অকর্মণ্য ঠুঁটো জগন্নাথের ভূমিকা পালন করে চলেছে। একদিকে প্রতি ঘন্টায় পরমাণু অস্ত্র নির্মাণ করতে একটি রাষ্ট্রের ২৪৮ কোটি টাকা খরচ হচ্ছে, অন্যদিকে তৃতীয় বিশ্বে প্রতি ঘন্টায় কোটি কোটি মানুষ অনাহারে মরছে, অশিক্ষায় ডুবছে, দারিদ্র্যে জর্জরিত হচ্ছে। আফ্রিকায় প্রতি ঘন্টায় প্রতি তিনটি শিশুর মধ্যে দুটি শিশু অপুষ্টিতে ভুগে মৃত্যুর কোলে ঢলে পড়ছে। এই অবস্থা সভ্যতার লজ্জা, মনুষ্যত্বের লজ্জা। এ চলতে পারে না, একে চলতে দেওয়া চলতে পারে না। জাতিদাঙ্গা, দারিদ্র্য, সন্ত্রাস ও বর্ণবৈষম্য কেন আজও দুরারোগ্য ব্যাধির মতো পৃথিবীকে জর্জরিত করবে? বসনিয়া, রোয়ান্ডা, সোমালিয়া, কাশ্মীর, শ্রীলঙ্কার ঘটনার পর কেমন করে বৃহৎ শক্তিবর্গ নিজেদের সভ্য বলে দাবি করতে পারে? এক্ষেত্রে রাষ্ট্রপুঞ্জের ব্যর্থতা বড়ই প্রকট হয়ে উঠেছে। মানবপ্রগতির আশা ও আকাঙ্খাকে কর্মে পরিণত করার ভূমিকা গ্রহণের কথা ছিল যে-বিশ্ব-প্রতিষ্ঠানটির, যার কাছে পৃথিবীর প্রত্যাশা ছিল মানবপ্রগতির প্রহরী ও প্রতীক হয়ে ওঠার —তার এই শোচনীয় ব্যর্থতা কোন্ ভবিতব্যের ইঙ্গিতবহ? তবে কি মানবপ্রগতির সম্ভাবনা রাহুগ্রস্ত? দারিদ্র্য, সন্ত্রাস, সাম্প্রদায়িকতা, অসাম্য ও হিংসামুক্ত পৃথিবীর স্বপ্ন কি শুধু স্বপ্নই থেকে যাবে? বিশ্বের বৃহৎ রাষ্ট্রগুলির নেতৃবৃন্দ কি 'মতুয়ার বুদ্ধি'তেই মশগুল হয়ে থাকবেন? 'মতুয়ার বুদ্ধি' যে শুধু নিজেরই অনর্থ ডেকে আনে না, সকলের সমূহ বিনষ্টিকেই ত্বরান্বিত করে — একথা ঐ উন্নাসিক নেতৃবর্গ কবে বুঝবেন? রাষ্ট্রপুঞ্জের প্রতিষ্ঠার পর পঞ্চাশ বছরেরও অধিক অতিক্রান্ত হয়ে গেল। ক্রমশ পরিস্থিতি আরো জটিল হয়ে উঠছে। বিজ্ঞান ও প্রযুক্তির অভাবনীয় সাফল্যের সঙ্গে পাল্লা দিয়ে রাষ্ট্রগুলির মধ্যে পারস্পরিক অবিশ্বাস, দ্বন্দ্ব, অসহিষ্ণুতা ও অসহযোগিতার মনোভাব ও কর্মধারা ক্রমবর্ধমান। কোথাও যুযুধান রাষ্ট্রগুলির মধ্যে বারুদের গন্ধ মেলাতে না মেলাতে অন্যত্র আবার বারুদের গন্ধ আকাশ-বাতাসকে ভারী করে তুলছে।

এই হতাশার মধ্যে, এই অন্ধকারের মধ্যে, এই আশঙ্কার মধ্যে ভারত কিন্তু তার সনাতন ভূমিকা থেকে সরে আসেনি। দারিদ্র্য, সন্ত্রাসবাদ, সাম্প্রদায়িকতা, অসাম্য ও হিংসার বাতাবরণ ভারতেও এই মুহূর্তে প্রকট, কিন্তু ভারত একথাই বিশ্বমঞ্চে বলিষ্ঠ ভাষায় ঘোষণা

করেছে যে, পৃথিবীর একটি প্রান্তেও যদি এই বাতাবরণ বিদ্যমান থাকে এবং অবশিষ্ট পৃথিবী যদি তা থেকে মুক্ত থাকে, তাহলে কখনোই পৃথিবীতে শান্তি,কল্যাণ, মৈত্রী, সৌহার্দ্য ও সমৃদ্ধি প্রতিষ্ঠিত হতে পারবে না। চাই সমগ্র পৃথিবীকে সম্পূর্ণভাবে সমৃদ্ধ করার অঙ্গীকার ও প্রয়াস। রাষ্ট্রীয় সন্ত্রাসবাদ, পরমাণু অস্ত্রনির্মাণ-প্রয়াস ও অস্ত্র-প্রতিযোগিতাকে যেকোনভাবে নির্মূল করা প্রয়োজন। কারণ, এগুলি প্রকৃতপক্ষে যুদ্ধেরই রকমফের। ভারতের এই উচ্চারণে বিশ্বের অধিকাংশ রাষ্ট্র উদ্দীপ্ত হয়েছে এবং ভারতকে হার্দিক অভিনন্দন জানিয়েছে। বলা বাহুল্য, এই উপলব্ধিই মানব প্রগতিকে সুরক্ষিত করতে পারে, রাষ্ট্রপুঞ্জকে অর্থবহ করতে পারে, তার ভূমিকাকে কার্যকরী করতে পারে।

বর্তমান ভারতের এই উচ্চারণের পিছনে রয়েছে তার সুদীর্ঘ আধ্যাত্মিক ঐতিহ্যের নিরবচ্ছিন্ন প্রবাহ। বৈদিক ঋষিরা বিশ্বকে একটি নীড়ে পরিণত করার স্বপ্ন দেখেছেন ; জল-স্থল-অন্তরীক্ষে, মানুষ -পশু-পাখি-পতঙ্গে, বৃক্ষ-লতা-গুল্ম-ওষধিতে শান্তির জন্য প্রার্থনা করেছেন। পুরাণকারগণ প্রার্থনা করেছেন নিখিল মানবের সুখ ও নিরাময়ের। পৃথিবীর কেউ যেন কোথাও অপ্রিয় কিছু দর্শন না করে, কাউকেও যেন অমঙ্গলকর কোন অভিজ্ঞতা লাভ না করতে হয়। পৃথিবীর একটি প্রাণীর, একটি পতঙ্গের জীবনেও যেন দুঃখের অভিজ্ঞতা না থাকে। বুদ্ধ থেকে গান্ধী পৃথিবীর সকলকে মৈত্রী, করুণা, মুদিতা ও অহিংসার মন্ত্রকে জীবনের অঙ্গ করতে উপদেশ দিয়েছেন। শতবর্ষ পূর্বে শিকাগোর ধর্মমহাসভায় স্বামী বিবেকানন্দ ভারতের এই সনাতন আকুতি ও আকাঙ্খাকে এবং তাঁর গুরু শ্রীরামকৃষ্ণের উপলব্ধিকে প্রাণস্পর্শিভাবে বাঙ্ময় করে তুলেছিলেন। যদিও স্বামীজীর সেই উচ্চারণ বহুশ্রুত ও বহু-পরিচিত, তবুও বর্তমান প্রসঙ্গে পুনরায় তা স্মরণ করা প্রয়োজন। স্বামীজী বলেছিলেন, ধর্মের নামে, সম্প্রদায়ের নামে, রাজনীতির নামে, সংস্কৃতির নামে পৃথিবী বারবার মানুষের রক্তে রঞ্জিত হয়েছে। মানুষের লোভ, মানুষের আগ্রাসন, মানুষের অসহিষ্ণুতা, মানুষের স্বার্থপরতা পৃথিবীর বাসযোগ্যতাকে ধ্বংস করতে উদ্যত হয়েছে। সভ্যতাকে নিশ্চিহ্ন করেছে। মানুষের মধ্যে হতাশার কালো মেঘ পুঞ্জীভূত করে দিয়েছে। স্বামীজী বলিষ্ঠ ভাষায় বলেছিলেন — অবসান হোক সকলপ্রকার শোষণের, সকলপ্রকার অসহিষ্ণুতার, সকলপ্রকার দুরভিসন্ধি ও অপপ্রয়াসের। তিনি সুস্পষ্ট ভাষায় ঘোষণা করেছিলেন, যদি কেউ মনে করে থাকে যে, শুধু সে-ই সমৃদ্ধির মদিরা পান করার জন্য বেঁচে থাকবে এবং অন্যেরা নিক্ষিপ্ত হবে অবলুপ্তির অন্ধকারে, সে নির্বোধ ভিন্ন আর কিছু নয়। একটির অভ্যুদয় এবং অপরগুলির বিনাশের দ্বারা নিজের সমৃদ্ধির চিন্তা নিতান্তই দুরাশা। তা কখনো হয় না, হয়নি, হতে পারে না। শিকাগোর বিশ্বমঞ্চে স্বামী বিবেকানন্দ তাঁর শেষ বাণীতে উচ্চারণ করেছিলেন নতুন পৃথিবীর প্রগতির প্রণবমন্ত্র ঃ ''বিবাদ নয়, সহায়তা; বিনাশ নয়, পরস্পরের ভাবগ্রহণ; মতবিরোধ নয়, সমন্বয় ও শান্তি।''

নতুন শতাব্দীর ঊষালগ্নে দাঁড়িয়ে আমরা তাই কোন হতাশাকে স্থান দিতে প্রস্তুত নই। আমরা বিশ্বাস করি, বৃহৎ শক্তিবর্গ তাদের সীমাবদ্ধতাকে অতিক্রম করবে এবং তাদের সদিচ্ছা ও সক্রিয় সহযোগিতায় দারিদ্র্য, সন্ত্রাস, সাম্প্রদায়িকতা, অসাম্য ও হিংসা-মুক্ত এক পৃথিবীকে আমাদের উপহার দেবে। বিশ্ব-সংগঠন রাষ্ট্রপুঞ্জ হয়ে উঠবে সেই প্রক্রিয়ার মূল নিয়ামক এবং প্রধান স্থপতি। প্রতিশ্রুতি ও প্রত্যাশার ফুলঝুরি ফুটিয়ে নয়, পরস্পরকে দোষারোপের বন্যা বইয়ে নয়, নতুন পৃথিবীর আবির্ভাবকে বাস্তব করতে হবে অঙ্গীকাররক্ষার নিশ্ছিদ্র সাধনায়। রাষ্ট্রপুঞ্জের সুবর্ণজয়ন্তী উৎসবের অব্যবহিত পরেই ভারতের প্রতিবেশী রাষ্ট্রকে আমেরিকা, ফ্রান্স ও চীনের সমর-সরঞ্জাম সরবরাহ এবং ফ্রান্সের পুনরায় পারমাণবিক বিস্ফোরণে রাষ্ট্রপুঞ্জের ভবিষ্যৎকে একটি প্রশ্নচিহ্নের সম্মুখীন হতে হলো। পারমাণবিক বিস্ফোরণ তারপর ঘটিয়েছে আমেরিকা এবং চীন। অবশ্য ভারত ও পাকিস্তানও ঘটিয়েছে। কিন্তু তার জন্য যে সমালোচনা বর্ষিত হয়েছে ভারত এবং পাকিস্তানের উদ্দেশ্যে তা তুলনাহীন। বিশেষত ভারতের উদ্দেশ্যে। সমালোচনা করেছে আমেরিকা, চীন, ফ্রান্স প্রমুখ বৃহৎ শক্তিগুলিই, যারা নিজেরাই বারবার ঐ অপকর্ম করে চলেছে। রাষ্ট্রপুঞ্জ তখনও অসহায়। তার কথা কেউ শোনেনি এবং শোনে না। ইরাকের ওপর আমেরিকা ও ব্রিটেনের সদম্ভ আগ্রাসনের সময়ও (মার্চ-এপ্রিল, ২০০৩) রাষ্ট্রপুঞ্জের নখদন্তহীনতা পুনরায় প্রমাণিত। তবু আমরা আশাবাদী। রাত্রি যতই দীর্ঘ হোক, তার অবসান হবেই। সেই আশা ও আকাঙ্খায় আমরা প্রতীক্ষা করব নতুন ঊষার পদধ্বনির।

# স্বামীজীর উত্তাপে গঙ্গাধর

**স্বামী ঋতানন্দ**
**কর্মসচিব, রামকৃষ্ণ মিশন আশ্রম, বরাহনগর**

স্বামী বিবেকানন্দের দৃঢ় ধারণা, ভারতবর্ষকে উঠতে গেলে তাকে শ্রীরামকৃষ্ণের পতাকাতলে আসতেই হবে এবং শ্রীরামকৃষ্ণ কেবল ভারতবর্ষের জন্য নয়, তিনি এসেছিলেন জগৎকল্যাণের জন্য। শ্রীরামকৃষ্ণের মর্ত্যলীলা অবসানের পরের দশক অর্থাৎ ঊনবিংশ শতকের শেষ দশকে শ্রীরামকৃষ্ণের তিনজন সন্ন্যাসীসন্তানের মধ্যে দিয়ে যেন সর্বপ্রথম এই কল্যাণকার্যটির সূচনা হয়েছিল। সেই বজ্র-অটল, কর্মোদ্যমী ও হৃদয়বান তিন সন্তান হলেন স্বামী বিবেকানন্দ, স্বামী রামকৃষ্ণানন্দ এবং স্বামী অখন্ডানন্দ।

প্রথমে বরানগর মঠ এবং তারপরে আলমবাজার মঠে শ্রীরামকৃষ্ণরূপে আত্মারামকে সুপ্রতিষ্ঠিত করাই ছিল স্বামী রামকৃষ্ণানন্দের জীবনের ধ্যান-জ্ঞান, ত্যাগ-তপস্যার মূল লক্ষ্য। কারণ, শ্রীরামকৃষ্ণের সন্ন্যাসী তথা গৃহী ও অনুরাগীদের জীবনের ধ্রুবতারা যে শ্রীরামকৃষ্ণ স্বয়ং।

ভারত পরিক্রমাকালে তৎকালীন সমাজের পতন ও অবক্ষয়ের রূপটি দেখেছিলেন স্বামী বিবেকানন্দ। ভবিষ্যৎ-দ্রষ্টা স্বামীজী অনুভব করেছিলেন, সে অবক্ষয়কে রোধ করে, অতীতের সমস্ত গৌরবকে ম্লান করে ভবিষ্যৎ ভারত উঠবে। তাই নতুন ভারত গঠনের পন্থা উদ্ভাবন করতে ও তা কার্যকরী করতে তিনি আহ্বান জানালেন গুরুভাই ও তাঁর অনুরাগীদের। এরপর তিনি গমন করলেন পাশ্চাত্যে। বৃহৎ জগৎকল্যাণের কাজটি যেন নিজের কাঁধে নিয়েই চষে ফেললেন পাশ্চাত্যের এক বিরাট অংশ। আর সেখান থেকেই ভারতগঠনের নির্দেশাদি পাঠাতে লাগলেন।

বিবেকানন্দের হৃদয়ের উত্তাপ সর্বপ্রথম যে গুরুভাইটির হৃদয়কে তীব্রভাবে আলোড়িত করেছিল তিনি হলেন স্বামী বিবেকানন্দের প্রাণপ্রিয় গুরুভ্রাতা - গঙ্গাধর - স্বামী অখন্ডানন্দ। স্বামী বিবেকানন্দের চিকাগো বক্তৃতার ফলশ্রুতি হিসাবে বিশ্ববিখ্যাত হওয়া এবং তারপর একাদিক্রমে প্রায় সাড়ে তিন বছর পাশ্চাত্যে প্রচারকার্য চালানোর সময়কালে স্বামী অখন্ডানন্দ কিন্তু এক পরিব্রাজক সন্ন্যাসীমাত্র। এসময়ে স্বামীজীর বহ্নি সদৃশ উৎসাহ-উদ্দীপনাময় বাক্যবাণী, উপদেশ, নির্দেশ, আদেশের উত্তাপে তপ্ত অখন্ডানন্দের হদিশ করা এই প্রবন্ধের উপজীব্য।

স্বামী অখন্ডানন্দের মতে, গুজরাতের জামনগরে তাঁর সেবাব্রতের সূচনা, রাজপুতানার খেতড়িতে ক্রমোন্নতি এবং বাংলার মুর্শিদাবাদে তার প্রসার ও পরিণতি। জামনগরে তিনি 'ধন্বন্তরি-ধাম' নামক ভবনে কবিরাজ মণিশঙ্কর বিঠ্ঠলজীর অতিথি হয়ে তিন-চার মাস ছিলেন। সেখানে চরক ও সুশ্রুত-সংহিতাদি অধ্যয়ন শেষ করেন এবং ধন্বন্তরি-ধামের সংলগ্ন এক বৈদিক চতুষ্পাঠিতে বেদপাঠ শিক্ষা করেন। ঐ সময়ে এক ঐশ্বর্যপূর্ণ মন্দিরের বৃদ্ধ ব্রহ্মচারী মহান্তের সঙ্গে আলাপ হলে ব্রহ্মচারী তাঁকে তাঁর সমস্ত সম্পত্তি নিয়ে মহান্ত হতে বলেন; কিন্তু বৈরাগ্যবান স্বামী অখন্ডানন্দ তাঁকে জানান, ''জল তো চল্‌তা ভালা, সাধু তো রম্‌তা ভালা। আমি মহান্ত হতে পারব না।'' জামনগরে উদরাময় হওয়ায় তিনি মণিশঙ্করজীর চিকিৎসাধীনে একমাস ছিলেন । ঐ চিকিৎসা ও পথ্যাদির ফলে অখন্ডানন্দজী দুর্বল হয়ে পড়ায় শ্রীযুক্ত শঙ্করজী শেঠ (ব্যাঙ্কার) তাঁকে নিজবাড়িতে নিয়ে গিয়ে প্রায় চার মাস রাখেন।

শেঠভবনে অবস্থান বড়ই বৈচিত্রময় ছিল। গুণমুগ্ধ শেঠজী অখন্ডানন্দের পথ্যের জন্য দুধের বিশেষ ব্যবস্থা করে তাঁকে নিজের পাশে বসিয়ে খাওয়াতেন, অপরাহ্ণে গাড়ি করে বেড়াতে নিয়ে যেতেন এবং মূলজী নামক একজন গায়কের গান শোনাতেন। শেঠভবনে তিনি দীর্ঘ রাত পর্যন্ত জেগে বেদ ও উপনিষদাদি অধ্যয়ন করতেন। শেঠজী রোজ একজন সাধুকে ভোজন করাতেন। একদিন জনৈক সাধু ভোজন প্রার্থনা করলে ভৃত্য জানিয়ে দিল যে, গৃহে অপর সাধু আছেন, আর কারও ব্যবস্থা হবে না। শুনে অখন্ডানন্দ মহারাজ নিজের ভোজ্য সাধুকে দিতে উদ্যত হলে শেঠজী আদেশ দিলেন এরপর থেকে কোন সাধুকে বিমুখ করা চলবে না।

সেখানকার বৈদ্য শ্রীঝন্ডু ভট্ বিঠ্ঠলজী একবার অখন্ডানন্দের চিকিৎসা উপলক্ষে এসে তাঁর সঙ্গে পরিচিত হন। তিনি অর্থ না নিয়ে বহু রোগীর বাড়িতে যেতেন। দরিদ্রদের নানাভাবে সাহায্য করতেন এবং অনেককে স্বগৃহে রেখে চিকিৎসা করতেন। তাঁর মুখে প্রায়শ দুটো শ্লোক শুনতে পেতেন গঙ্গাধর মহারাজ, যার ভাবার্থ - ''এমন কি কোন উপায় আছে, যাতে আমি সকল প্রাণীর অন্তরে প্রবেশপূর্বক সর্বদা তাঁদের

দুঃখভারের ভাগী হতে পারি ? আমি রাজ্য, স্বর্গ অথবা মুক্তি চাই না। আমি শুধু দুঃখতপ্ত প্রাণীদের আর্তিনাশ করতে চাই।'' ভট্‌জীর জীবনদর্শনে ও তাঁর আলাপশ্রবণে অখন্ডানন্দ স্পষ্ট বুঝেছিলেন যে, ''মানুষের সেবা করা ও মানুষকে ভালবাসা সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ধর্ম।''

জামনগরে প্রায় একবছর থেকে গঙ্গাধর মহারাজ কুণ্ডলাগ্রাম, কাঠিয়াওয়াড় ও বরোদা হয়ে বোম্বাই যাত্রা করেন। ভাবনগরে তিনি স্বামীজীর আমেরিকা - গমনের সংবাদ পান। পুনা ও বোম্বাই পরিভ্রমণ করে তিনি ব্রহ্মানন্দজী ও তুরীয়ানন্দজীর আহ্বানে রাজস্থানের আবু রোডে গমন করেন। ১৮৯৩-এর সেপ্টেম্বর মাসে এবং তিনজনে এক সঙ্গে আজমীঢ়ে গিয়ে সর্দার হরিসিং লাড্‌খানির গৃহে প্রায় এক মাস অবস্থান করেন। এর পরে রাজা মহারাজের উপদেশে অখণ্ডানন্দজী খেতড়িতে যান। খেতড়ি-জীবনের কিয়দংশ আমরা তাঁর নিজ ভাষাতেই পাই - ''খেতড়িতে প্রথমবার দেড়মাস কাল রাজার অতিথিরূপে অবস্থিতি করিয়া রাজার পুস্তকাগারে থিওডোর পার্কারের সমগ্র গ্রন্থ পাঠ ও ভারতেতিহাস ও সংস্কৃত কাব্যসাহিত্য আলোচনা করি। ..... পরে খেতড়িরাজের জ্ঞাতি সর্দার ভুরি সিং-এর আহ্বানে মালসিসরে গমন করিয়া তাঁহার বাটিতে চাতুর্মাস্য যাপন করি এবং দুই মাস একটি জৈন সাধুর সমাধিমন্দিরে বাস ও মাধুকরী করি। চাতুর্মাস্যকালে বেদান্ত, সংস্কৃত ও হিন্দী ভাষা আলোচনা এবং জৈন সাধুর মন্দিরে পণ্ডিত সীতারামের নিকট নিয়মিত 'শঙ্করদিগ্বিজয়' - ব্যাখা শ্রবণ করিতাম।..... এই রাজপুতানা প্রদেশে আট মাস বাস করিয়া নানা গ্রাম ঘুরিয়া ধনী সর্দার ও গরিব প্রজার অবস্থা প্রত্যক্ষ করি, গরিব প্রজাদের দুঃখ দূর করিবার উপায় চিন্তা করিতে থাকি এবং তাহাই মানবজীবনের প্রধান কর্তব্য বলিয়া হৃদয়ঙ্গম করিয়া সেই কর্তব্য সাধনে পণ করি।''

মালসিসর থেকে ফিরে তিনি নিত্য খেতড়ি-রাজসভায় বেদান্তব্যাখা করতেন। মালসিসরে অবস্থানের সুযোগে তিনি হিন্দী ভাষা শিখে নেওয়ায় তাঁর বক্তব্য সকলেরই কাছে সহজবোধ্য হয়ে উঠেছিল। ইতোমধ্যে দারিদ্র-মোচন সম্বন্ধে স্বামীজীর নির্দেশ চেয়ে তিনি তাঁকে পত্র লিখেছিলেন। উত্তরে স্বামীজী লিখলেন, ''দরিদ্রদেবো ভব, মূর্খদেবো ভব। দরিদ্র, মূর্খ, অজ্ঞানী, কাতর- ইহারাই তোমার দেবতা হউক, ইহাদের সেবাই পরমধর্ম জানিবে।'' কার্যক্ষেত্র সম্মুখেই ছিল, নেতার নির্দেশ পাওয়ায় তাতে প্রবেশ করতে আর দ্বিধা রইল না অখণ্ডানন্দজীর। রাজার একটা এন্ট্রাস স্কুলে মাত্র আশিটি উচ্চবর্ণের ছাত্র ছিল। নানা দিক থেকে নানা আপত্তি সত্ত্বেও তিনি রাজার অনুমতিক্রমে গোলা (অর্থাৎ রাজপ্রাসাদের ভৃত্য)-জাতীয় ছাত্রদেরও সেখানে ভর্তি করালেন এবং ক্রমে ছাত্রসংখ্যা দু'শোতে উঠল।

খেতড়ি থেকে জয়পুর এবং জয়পুর থেকে উদয়পুর - এই হল গঙ্গাধর মহারাজের পরবর্তী ভ্রমণের ক্রম। উদয়পুরে তিনি রামবাগ নামক বাগানে পালাগণেশজীর মন্দিরে আশ্রয় পেলেন। রাজদরবার থেকে অন্যান্য সন্ন্যাসীদের মতো তাঁরও ভোজনাদির ব্যবস্থার প্রস্তাব আসলে তিনি জানালেন রাজ্যের কেউ অভুক্ত না থাকলেই তিনি মহারানার সিধা নিতে পারেন। বলা বাহুল্য, এরূপ উত্তরে রাজ্যের অমাত্যগণের ক্রোধমাত্রেরই বৃদ্ধি হল। সে স্থান থেকে বিদায়কালে স্বামী রামকৃষ্ণানন্দের পত্রে পড়লেন, ''স্বামীজী সকল গুরুভাইকে জীবসেবাকার্যে আত্মনিয়োগ করতে উপদেশ দিয়েছেন।'

উদয়পুরের পর ঁএকলিঙ্গদর্শনান্তে শ্রীনাথদ্বারায় পৌঁছে অখণ্ডানন্দজী রঘুনাথজী ভাণ্ডারীর গৃহে অতিথি হলেন এবং গৃহস্বামীর পুত্রকে অশিক্ষিত দেখে তার শিক্ষার ভার স্বহস্তে গ্রহণ করলেন। এই একান্ত ব্যক্তিগত অধ্যাপনাকে অবলম্বন করেই অচিরে সেখানে এক মধ্য ইংরেজি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়ে গেল। অতঃপর তিনি ওঁকারনাথ, ইন্দোর, উজ্জয়িনী, রাথ্‌লাম, চিতোর ও জয়পুর ইত্যাদি পরিদর্শন করে খেতড়িতে ফিরলেন। খেতড়িতে অবস্থানকালে মহারাজের সক্রিয়তায় স্থানীয় সংস্কৃত পাঠশালার বিশেষ উন্নতি হয় এবং তার নাম হয় 'খেতড়ি আদর্শ বৈদিক বিদ্যালয়'। বিদ্যালয়ে বেদের অর্থবোধের জন্য বেদাঙ্গপাঠেরও প্রচলন হয় এবং ছাত্রদের পুস্তকাদির জন্য তিনি অর্থসংগ্রহ করে দেন। রাজ্যের বাৎসরিক মহা-দরবারে এযাবৎ কেবল উচ্চশ্রেণীর লোকেরাই স্থান পেতেন। সাধারণ প্রজারা কাছে আসতে উদ্‌গ্রীব, অথচ বারংবার সান্ত্রীদের দ্বারা বিতাড়িত হচ্ছে দেখে অখণ্ডানন্দ অত্যন্ত মর্মাহত হন এবং অবসর বুঝে রাজাকে সমস্ত জানান। সন্ন্যাসীর চোখে প্রজার জন্য অশ্রু দেখে রাজা আদেশ দিলেন, ''আগামী বৎসর থেকে আমি সমস্ত প্রজাদের নিয়ে দরবার করে স্বয়ং সকলের নজর নেব।'' রাজ্যের এইসকল উন্নতি ছাড়াও তিনি কৃষিকর্মের উন্নতিতেও সচেষ্ট হন এবং রাজার হাসপাতালে সাধারণ রোগীদের নিয়ে গিয়ে সেবা করাতে শুরু করেন। পাঁচ-ছ মাস খেতড়িতে অবস্থানান্তে তিনি চিড়ারা গ্রামে যান এবং সেখানেও একটা বৈদিক বিদ্যালয় স্থাপন করেন। এইভাবে রাজপুতানার আরও কয়েকটা গ্রামের উন্নতিসাধনের পর তিনি ১৯৮৫ খ্রিষ্টাব্দের শেষে জয়পুরে পৌঁছালে সেখানে উপস্থিত স্বামী অভেদানন্দ ধরে বসলেন, তাঁকে শ্রীরামকৃষ্ণের আগামী জন্মোৎসব দর্শনের জন্য আলমবাজারে যেতে হবে। গুরুভাইদের ইচ্ছা সফল করতে তিনি আলমবাজারে আসেন।

মঠ তখন ওই আলমবাজারেই । স্বামী বিবেকানন্দের অভিনব সব চিন্তাভাবনাসমৃদ্ধ একটার পর একটা চিঠি তখন আসছে গুরুভাইদের কাছে। সেগুলি যেন এক-একটি তেজোদীপ্ত উৎসাহবহ্নির জমাট পিণ্ড। গুরুভাইরা সচকিত হয়ে পড়ছেন —''এই যে আমরা

এতজন সন্ন্যাসী আছি, ঘুরে ঘুরে বেড়াচ্ছি, লোককে metaphysical (দর্শন) শিক্ষা দিচ্ছি, এসব পাগলামি। 'খালি পেটে ধর্ম হয় না' — গুরুদেব বলতেন না ? ... কতকগুলি নিঃস্বার্থ পরহিতচিকীর্ষু সন্ন্যাসী গ্রামে গ্রামে ... আচণ্ডালের উন্নতিকল্পে বেড়ায়, তাহলে কালে মঙ্গল হতে পারে কিনা।'' ''সমাজকে, জগৎকে electrify (বৈদ্যুতিক শক্তিসম্পন্ন) করতে হবে।'' ''গেরুয়া কাপড় ভোগের জন্য নয়, মহাকার্যের নিশান — কায়মনোবাক্যে 'জগদ্ধিতায়' দিতে হইবে।'' ''যে আপনি নরক পর্যন্ত গিয়ে জীবের জন্য কাতর হয়, চেষ্টা করে, সেই রামকৃষ্ণের পুত্র — ইতরে কৃপণাঃ। এই test , যে রামকৃষ্ণের ছেলে, সে আপনার ভাল চায় না, ' প্রাণাত্যয়েহপি পরকল্যাণচিকীর্ষবঃ' (প্রাণ দিয়েও পরের কল্যাণাকাঙ্খী) তারা। ... তাঁর চরিত্র, তাঁর শিক্ষা, ধর্ম চারিদিকে ছড়াও — এই সাধন, এই ভজন; এই সাধন এই সিদ্ধি। Organisation (সঙ্ঘ) শব্দের অর্থ division of labour (শ্রমবিভাজন)— প্রত্যেকে আপনার কাজ করে এবং সকল কাজ মিলে একটা সুন্দর ভাব হয়।'' ''আমাদের সব শক্তি সংহত করতে হবে— একটা সম্প্রদায় গড়বার জন্য নয়, আধ্যাত্মিক ব্যাপারের জন্যও নয়, কিন্তু বৈষয়িক দিকটার জন্য।'' ''সব ত্যাগ করেছ, এখন শান্তির ইচ্ছা, মুক্তির ইচ্ছাটাকেও ত্যাগ করে দাও তো বাবা। কোন চিন্তা রেখো না; নরক-স্বর্গ ভক্তি বা মুক্তি সব Dont'care .....

আপনার ভাল কেবল পরের ভালয় হয়, আপনার মুক্তি এবং ভক্তিও পরের মুক্তি ও ভক্তিতে হয়-তাইতে লেগে যাও, মেতে যাও, উন্মাদ হয়ে যাও। ঠাকুর যেমন তোমাদের ভালবাসতেন, আমি যেমন তোমাদের ভালবাসি, তোমরা তেমনি জগৎকে ভালবাস দেখি। ... আমরা সন্ন্যাসী। ভক্তি, মুক্তি, মুক্তি—সব ত্যাগ, জগতের কল্যাণ করা, আচণ্ডালের কল্যাণ করা- এই আমাদের ব্রত, তাতে মুক্তি আসে বা নরক আসে।''

স্বামীজী চিকাগো থেকে ১১ জানুয়ারি, ১৮৯৫ এর পত্রে লিখেছিলেন ঃ ''কাজে লাগো, সাহসী যুবকবৃন্দ, কাজে লাগো। আমার ভেতর যে কি আগুন জ্বলছে, তার সংস্পর্শে এখনও তোমাদের হৃদয় অগ্নিময় হয়ে ওঠেনি। তোমরা এখন পর্যন্ত আমায় বুঝতে পারনি। ..., দূর করে দাও যত আলস্য, দূর করে দাও ইহলোক ও পরলোকে ভোগের বাসনা। আগুনে গিয়ে ঝাঁপ দাও এবং লোককে ভগবানের দিকে নিয়ে এস।

''ভগবৎসমীপে প্রার্থনা করি, আমার ভেতরে যে আগুন জ্বলছে তা তোমাদের ভেতর জ্বলে উঠুক, তোমাদের মন মুখ এক হোক— ভাবের ঘরে চুরি যেন একদম না থাকে। তোমরা যেন জগতের যুদ্ধক্ষেত্রে বীরের মতো মরতে পারো- এই সর্বদা বিবেকানন্দের প্রার্থনা।

স্বামীজীর পূর্বোদ্ধৃত চিঠিপত্রের অগ্নিময় বাণী ও আদেশের সময়কালে মোটামুটি ১৮৯৩ সালের সেপ্টেম্বর মাসের পর থেকে তাঁর ভারত প্রত্যাবর্তনের অর্থাৎ জানুয়ারি, ১৮৯৭-এর আগে পর্যন্ত। এরই মধ্যে আলমবাজার মঠে লেখা স্বামীজীর চিঠিপত্রের বিষয়বস্তু থেকেই স্বামীজীর ভেতরের আগুনে গঙ্গাধরের হৃদয় অগ্নিময় হয়ে উঠেছিল এবং প্রকৃত অর্থেই নিঃসম্বল,কপর্দকহীন, পরিব্রাজক সন্ন্যাসীটি আগুনে ঝাঁপ দিয়েছিলেন এবং মানুষকে বিরাটরূপী ভগবানের সেবার মধ্য দিয়ে ভগবানের দিকে নিয়ে যাওয়ার একান্ত প্রয়াস করেছিলেন। এর সমর্থনে স্বামী অখণ্ডানন্দের দুটি চিঠির উল্লেখ এখানে করলেই যথেষ্ট। চিঠি দুটির কাল ১৮৯৪ মে থেকে নভেম্বর। দুটিই লেখা হয়েছিল রাজপুতানা পরিব্রাজনকালে। পত্রপ্রাপক আলমোড়ার বিখ্যাত ধনী ব্যবসায়ী ও স্বামী বিবেকানন্দকে তাঁর গৃহে আতিথ্যদানে ধন্য শেঠজি শ্রী লালা বদ্রী শাহ।

স্বামী অখণ্ডানন্দের পরিব্রজ্যা যে কেবলমাত্র দেশদর্শন নয়, ভবঘুরে সন্ন্যাসীর রমতানিপনা নয় — বরং দেশের মানুষের দুঃখ-দুর্দশা, দুরবস্থা দেখে আকুল হওয়া, দেশের প্রকৃতি ও মানুষকে শুভ পথে ব্যবহার করার ও চালিত করার পন্থা আবিষ্কার এবং সেকাজে তাদের নিয়োজিত করা, সেই সঙ্গে সে কাজে সাহায্যের জন্য যে মুষ্টিমেয় কয়েকজন ধনী ও অভিজাতদের সঙ্গে ব্যক্তিগত পরিচয় ছিল, তাঁদের হৃদয়েও স্বামীজীর হৃদয়জাত উত্তাপ অনুভব করানো ও তাঁদের পূর্বে উল্লেখিত কাজে অভিনিযুক্ত করা — নিম্নের চিঠি দুটির মধ্যে দিয়ে এগুলিই সুপরিস্ফুট হয়েছে।

আমাদের আলোচ্য প্রথম পত্রটিতে স্বামী অখণ্ডানন্দ লিখছেন ঃ

মেবার<br>
উদয়পুর<br>
মে (?) ১৮৯৪

শেঠজী শ্রী লালা বদ্রী সাহাবজী,

বহুদিন হল আপনার কাছ থেকে কোন সংবাদ পাই না। মালসিসর ও খেতড়ি হয়ে জয়পুরে এসেছি। এখান থেকে আমি আপনাকে স্বামী বিবেকানন্দের বক্তৃতার দুটি কপি পাঠিয়েছিলাম। আশা করি ইতোমধ্যে সেগুলি আপনি পেয়েছেন।

এক পত্রে জানতে পারলাম, আমার গুরুভাই স্বামী সুবোধানন্দজী আলমোড়ার পথে শ্রী ँ বদ্রীনারায়ণ দর্শনে গেছেন। সম্ভব হলে আপনি তাঁর বিষয়ে বিস্তৃত জানাবেন।

আপনি ও আপনার পরিবার কেমন আছেন ? ছেলেই বা কেমন? আপনার ভাইদের কী খবর এবং তাদের পড়াশুনাই বা কেমন চলছে? তারা পড়াশুনা ভালভাবে করছে তো? তাদের কেউ কী পরীক্ষায় বসেছে? আজকাল আপনি কী করছেন? আশা করি শ্রী শ্রী গুরুমহারাজের সেবা করছেন। আপনার ব্যবসা কেমন চলছে? এই বিষয়গুলি বিস্তৃত জানতে আমি খুবই আগ্রহী। আশা করি আপনি বিষয়গুলি এক এক করে লিখে জানিয়ে আমার ইচ্ছা পূরণ করবেন।

আজমীর থেকে ট্রেনে চিতোর এসেছি। চিতোর স্টেশন থেকে চিতোরগড় এলাম। এটি পূর্বে রাজপুতদের রাজধানী ছিল। আলাউদ্দিন খিলজী এই দুর্গটি আক্রমণ করেছিলেন। দুর্গটি পাহাড়ের ওপর অবস্থিত — লম্বায় চার মাইল এবং প্রস্থে দেড় মাইল। চারিদিকে বিস্তৃত ভূমিখণ্ড ও বিশাল বৃক্ষ, আর মাঝে মাঝে বড় বড় স্বচ্ছ জলের সরোবর। স্থানটি যেহেতু খুব সুন্দর তাই রাজপুতরা দুর্গটিকে ধীরে ধীরে খুব মজবুত করে গড়ে তুলেছে। দুর্গটির তিন দিক থেকে একটি নদী বয়ে চলেছে। নদীর তীরে বহু ভগ্নপ্রায় প্রাসাদ। এ থেকে মনে হয় স্থানটি একসময় খুব সমৃদ্ধশালী ছিল এবং দুর্গটি ছিল দুর্ভেদ্য।

চিতোর থেকে বিশ ক্রোশ অতিক্রম করে উদয়পুরে আসি। পথে পড়েছিল অনেক তাল, খেজুর ইত্যাদির গাছ ও একটি সুবিশাল বনরাজি। বনস্পতিগুলি এত বড় যে পাহাড় পর্যন্ত দেখা যায় না। এই বনের মধ্যে দিয়ে হেঁটে উদয়পুর পৌঁছাই। উদয়পুর ভারতবর্ষের একটি খুব সুন্দর শহর। এখানে সর্বত্র বন-বনানীর সবুজ শ্যামলিমা ও সুবৃহৎ হ্রদ, জলাশয় ইত্যাদি দেখে বাংলার কথা মনে পড়ে। মনে হচ্ছে এখানে ভাল বৃষ্টি হয়েছে এবং আরও হওয়ার সম্ভাবনা রয়েছে। আপনাদের ওখানে বৃষ্টির কী খবর? আমার ভালবাসা ও শুভেচ্ছা আপনার পরিবারের সকলের প্রতি রইল। আমার শরীর ভালই। দয়া করে নিচের ঠিকানায় আমাকে লিখবেন।

ইতি
আপনাদের স্বামী অখণ্ডানন্দ
গোলাপবাগ
পালাগণেশজী, মেবার
উদয়পুর, রাজপুতানা।

এবার দ্বিতীয় পত্রটি ঃ

শ্রী শ্রী রামকৃষ্ণঃ শরণম্

মেবার
নাথারওয়ারা
নভেম্বর, ১৮৯৪

শ্রীযুক্ত শাহজী মহাশয়,

আপনার চিঠি ও এক পাউন্ড চা যথাসময়ে পেয়েছি। আমি জেনে খুব খুশি হলাম যে, স্বামী সুবোধানন্দজী নিরাপদে মঠে পৌঁছেছেন।

আপনার ওখানে আজকাল শ্রী শ্রী গুরুমহারাজের সেবা কেমন চলছে? আশাকরি মঠ থেকে আপনি মাঝে মধ্যে সংবাদ পেয়ে থাকেন। আপনার ভাইদের কী খবর? তারা পড়াশুনা করছে? আপনার ব্যবসা কেমন চলছে? দেখবেন আপনার ভাইয়েরা যেন পড়াশুনা করে। সময় যথাযথ ব্যবহার করা দরকার। আলস্য সমস্ত দোষের মূল। এব্যাপারে খুব সাবধান হতে হবে। ভারতবর্ষে বর্তমানে অধিকাংশ ধনী মানুষেরাই এই দোষে দুষ্ট। এই দোষটির বীজ ভারতে প্রভূত পরিমাণে উপ্ত হচ্ছে। যাদের খাবারদাবারের অভাব নেই তারা আর অন্যের কথা ভাবেনা। তারা মনে করে জগতটা একটা ছোট খাদ্যপাত্র মাত্র। কিন্তু এই অবোধেরা জানে না যেকোন রকমের বিলাস-ব্যসন খুবই ক্ষণস্থায়ী। অনেকেই দিনে একমুঠো অন্ন সংগ্রহ করতে পারে না। আমাদের দেশের এরকম দুরবস্থা দূর করতে কী করণীয়? আমার মনে হয় আমাদের দেশের কৃষকদের উন্নতির বিষয়ে আমাদের ভাবতেই হবে। কৃষিকাজই ভারতবর্ষের মানুষের প্রধান উপজীবিকা। পঁচিশ কোটি জনসংখ্যার মধ্যে প্রায় শতকরা তিরাশি জনই কৃষক। দৈনন্দিন প্রয়োজনের (খাদ্য এবং বস্ত্র) সরবরাহকারী তারাই। কিন্তু কী দুর্ভাগ্য, ভারতে এই মানুষেরাই

খাদ্যবস্ত্রহীন অবস্থায় জীবন কাটাচ্ছে। রাজা শিকন্দর ভারতীয় কৃষকদের দেখে বিস্মিত হয়েছিলেন। সে সময় ভারতীয় শাসকেরা সর্বাবস্থায় এদের নানাবিধ সুরক্ষার প্রতি বিশেষ যত্নশীল ছিলেন। এখন এই মানুষগুলিকে নানাবিধ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এর জন্য দুটি কারণ দায়ী। প্রথমত—তথাকথিত রাজা এবং অপরটি হল তাদের সাকরেদ মহাজন— এই দুই অসুর এদের উপর যথেচ্ছ নিপীড়ন করে চলেছে। তথাপি এই দরিদ্র কৃষকেরা তাদের স্বধর্ম পালন করে চলেছে। ওঃ! সত্যিই তাদের সাহস এবং ধৈর্য্য অতীব প্রশংসার যোগ্য। যদি এই মানুষগুলোও ক্রোধান্বিত হয় এবং ক্রোধবশতঃ তাদের জীবিকা পরিবর্তন করে তাহলে শহুরে মানুষগুলোর কি দুর্দশা হবে? তারা কোথা থেকে তাদের খাদ্য এবং সমস্ত বিলাস-ব্যসন পাবে? বাস্তবিকপক্ষে তাদের সব রকম প্রয়োজনীয় সুবিধা পাওয়া প্রয়োজন। কিন্তু এই নিষ্ঠুর রাজারা ও তাদের নির্দয় কাজকর্ম সেটি করতে দিচ্ছে না। এতৎ সত্ত্বেও এই দরিদ্র কৃষকদের পবিত্র মনে কোনো প্রতিহিংসার মনোভাব দেখা যায় না। এই কৃষকেরা আমাদের দেশের ও আমাদের সমাজের ভিত এবং নির্যাসস্বরূপ। ভিত দূর্বল হলে গোটা অট্টালিকাটি কি ধ্বংসপ্রাপ্ত হবে না?

এখন এমতাবস্থায় আপনার কাছে আমার এই অনুরোধ যে, আপনি এদের কিছু ঋণ দান করুন। দেখুন, আপনার অন্তত একজন ভাই যেন কৃষি বিষয়ে পড়াশুনা করে এবং সে এই সব মানুষের কাছে যায় এবং নতুন নতুন কৌশল তাদের শেখায়। এমন কি ভারতীয় কৃষকেরা সার বিষয়েও বিশেষ কিছু জানে না, যা কিনা মাটিকে অধিকতর উর্বর করে। আপনি অনুগ্রহ করে কিছু পত্রপত্রিকা এবং গেজেট ঘেঁটে কৃষি বিষয়ে কিছু উপায় উদ্ভাবন করুন যা এদেশের পক্ষে বিশেষ উপযোগী হয়। এই মানুষগুলির আর্থিক অবস্থার উন্নতি অবশ্যই করতে হবে। স্বামী বিবেকানন্দের নির্দেশে আমি শিক্ষার বিস্তার ও তার প্রয়োজনীতা সম্পর্কে মানুষকে অবহিত করছি। কিন্তু হায়, এদেশে আমি কোনো শুভাকাঙ্খী পাচ্ছি না। যাইহোক, একটি বাঙালি ছেলে আমাকে একটু সাহায্য করছে। সে শ্রীশ্রী গুরুমহারাজের ভক্ত। ছেলেটি এ অঞ্চলের শিশুদের পড়াচ্ছে। কিন্তু একজনের পক্ষে সেটি খুবই কঠিন কাজ। আপনার কি এরকম কাউকে জানা আছে যে নিজের স্বার্থ পরিত্যাগ করে গ্রামে গ্রামে যেতে প্রস্তুত এবং তাদের নৈতিক উপদেশ দেবার জন্য উপযুক্ত? আজ এই পর্যন্ত। আমার ভালবাসা ও শুভেচ্ছা জানবেন।

ইতি
আপনাদের
অখন্ডানন্দ

উপরি-উক্ত দুটি চিঠির বিষয়বস্তু থেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, সাক্ষাতে অখণ্ডানন্দজী স্বামীজীর সঙ্গে নিজেদের কাজকর্ম ও ভবিষ্য পরিকল্পনা সম্পর্কিত আলোচনার সুযোগ বেশি না পেলেও গঙ্গাধর মহারাজের কাজের প্রতিটি পদক্ষেপ ফুটে উঠেছে স্বামী বিবেকানন্দের চিন্তাধারার সমতানতা। দেশের তৎকালীন পতন বা অবক্ষয়ের জন্য কোনরূপ নঞর্থক নিন্দা-সমালোচনা, দোষারোপ ইত্যাদির পথে না গিয়ে মানুষের দুরবস্থা দূর করতে তাদের মান-মর্যাদা দান করে নিজেদের শক্তির স্ফুরণে তিনি ছিলেন দৃঢ় বিশ্বাসী। আর তারই সঙ্গে রাজা-মহারাজ এবং ধনী - অভিজাতদের দেশের দুর্দশা রোধে সাহায্যের হাত বাড়িয়ে দেবার আকুল আহ্বান। সমকালে স্বামী অখণ্ডানন্দ হয়ে উঠেছিলেন ভারতীয় সমাজের উন্নয়ণকল্পে স্বামী বিবেকানন্দের ধ্যান-ধারণা, চিন্তা-ভাবনার বাস্তব রূপকার।

# সুখের অন্বেষণে

**স্বামী চৈতন্যানন্দ**
**সম্পাদক, উদ্বোধন পত্রিকা**

সাইবার যুগ, টেকনোলজিক্যাল অগ্রগতির যুগ মানুষকে দ্রুতগামী করিয়াছে, অতীতের ধ্যান-ধারণাকে পরিবর্তন করিয়া রোবটের গতি আনিয়াছে জগতের ভোগ্যবস্তু উপভোগ করিবার জন্য। সাইবার এবং বস্তুতান্ত্রিক জগতে মানুষের পার্থিব জীবনযাত্রার মান উন্নত হইয়াছে, কিন্তু হারাইয়া গিয়াছে মানুষের অন্তরের সুখ-শান্তি-আনন্দ—এটাই সাইবার এবং বস্তুতান্ত্রিক জগতের শোচনীয় অবদান। মানুষ ব্যবহারিক জীবনে জড়বস্তুর চিন্তা করিতে করিতে ভালবাসা, প্রেম, মৈত্রী প্রভৃতি ভুলিয়া যন্ত্রে পরিণত হইতেছে। মানুষ মানবতার যে উচ্চ মূল্যবোধ তাহা ভুলিয়া গিয়াছে। ভুলিয়া গিয়াছে পরস্পরের প্রতি সহযোগিতার হাত বাড়াইতে, অপরের দুঃখে সমব্যথী হইয়া তাহা দূর করিতে আগ্রহী হইতে, অপরের কল্যাণের জন্য জীবন উৎসর্গ করিবার সদিচ্ছা প্রকাশ করিতে, দেশের জন্য আত্মবিসর্জন করিবার অঙ্গীকারকে ফলপ্রসু করিতে। আজ মানুষ ব্যক্তিগত ক্ষুদ্রস্বার্থ সিদ্ধির জন্য নিজের মা-বাবা, ভাইবোন, পরিবার-পরিজনকে ত্যাগ করিতেও পিছপা হয় না। তাহারা স্বার্থের জন্য অসৎ উপায়ে অর্থ উপার্জন করিতে পারে। এমনকি নিজের পরিবার-পরিজনকেও অন্যায় উপায়ে অর্থ উপার্জন করিতে বাধ্যও করে।

মানুষকে শোষণ করিয়া, দুঃখকষ্ট দিয়া কখনই কেহ সুখী হইতে পারেন না। অথচ মানুষ শতাব্দীর পর শতাব্দী মানুষকে শোষণ করিয়া আসিতেছে। ধনী দরিদ্রকে, উচ্চজাতি নিম্নজাতিকে,শাসকগোষ্ঠী তাহাদের অধীনস্থ জনসাধারণকে, পুরুষেরা মহিলাদের, মহিলারাও প্রায়শই পরস্পরকে একইভাবে শোষণ করিতেছে ও দুঃখকষ্ট দিতেছে। ফলে কি ব্যক্তিজীবনে, কি সমষ্টিজীবনে - এই উভয়েরই চরম দুঃখ । এর জন্য আমাদের মূল্য দিতে হইয়াছে, মানিয়া লইতে হইয়াছে কয়েক শতাব্দীর রাজনৈতিক পরাধীনতা, মুখ বুজিয়া সহ্য করিতে হইয়াছে সবরকমের সামাজিক অবমাননা যাহা ভারতবর্ষের ধনী ও নির্ধন - উভয় শ্রেণির মানুষের উপরই চাপাইয়া দেওয়া হইয়াছে।

স্বাধীনতার ৬৭ বৎসর পরও ইতিহাসের কোন শিক্ষাই আমরা গ্রহণ করিতে পারি নাই। ফলস্বরূপ দুর্বলতা, দুঃখকষ্ট আজ দেশবাসীকে গ্রাস করিয়াছে, যে-সব সমস্যায় রাষ্ট্রদেহ বিপর্যস্ত, সে-সবের উৎস কিন্তু একটাই এবং তাহা হইল — ভারতবর্ষের মানুষ নিজেরাই নিজেদের অপদস্থ, অবমাননা ও অপমান করিতেছে। মানুষ হিসাবে নিজের আত্মমর্যাদাবোধ ও মূল্যবোধকে তাহারা যেমন অনুভব করিতে পারে নাই, তেমনি স্বদেশবাসীর মর্যাদাবোধকে ও মূল্যবোধকেও তাহারা কোনরূপ স্বীকৃতি দেয় নাই।

ধর্মের অনুশীলনে মানুষ, সুখ-শান্তি- আনন্দে থাকিতে পারে। কিন্তু ধর্ম এখন হইয়াছে তামাসার বিষয়। কোটি কোটি মানুষের দ্বারা যে-ধরনের ধর্ম অনুসৃত ও আচরিত হইতেছে, তাহার বাহ্য আড়ম্বরের পিছনে লুকাইয়া আছে চূড়ান্ত স্বার্থপরতা, অন্যের দুঃখকষ্টের প্রতি সামাজিক উদাসীনতা ও হিংসা। দীর্ঘকাল যাবৎ ভারবর্ষের ধর্ম তাই আড়ম্বর ও আচার-সর্বস্ব জাগতিকরূপ পরিগ্রহ করিয়াছে।

সুস্থ জীবনযাপন করিতে এবং সমাজ ও দেশের আনন্দময় পরিবেশ সৃষ্টির জন্য মানুষের এই সুখ-শান্তি-আনন্দ বিশেষ করিয়া দরকার। এই প্রকার সুস্থ ও আনন্দময় পরিবেশ কিভাবে তৈয়ারি করা যায় তাহা বিচার-বিশ্লেষণের মাধ্যমে অনুসন্ধান করা যাইতে পারে। জীবনের প্রতিটি ক্ষেত্রে, তাহা কর্মজীবনে হউক, পারিবারিক জীবনে বা জাতীয় জীবনে হউক— সবের মধ্যে অন্বেষণ করা যাইতে পারে। কারণ, সমাজব্যবস্থাকে স্থিতিশীল রাখিতে ও তাহার উৎকর্ষ সাধনে ব্যক্তিজীবন তথা সমষ্টিজীবনে সুখ-শান্তি-আনন্দের দরকার।

আজ মানুষ অপরের প্রতি কর্তব্যবোধ, জাতির ও দেশের প্রতি কর্তব্যবোধ সবকিছুই ভুলিয়া গিয়াছে। সুস্থ জীবনযাপন করিতে পর্যন্ত ভুলিয়া গিয়াছে। নিজের ভাল, সুখ-শান্তি-আনন্দের কথা চিন্তা করিতেও ভুলিয়া গিয়াছে। এই মানসিক অবস্থায় মনে সুখ কিভাবে আসিতে পারে?

আজ যে-বিষয়টির প্রতি সর্বাধিক দৃষ্টি দেওয়া প্রয়োজন তাহা হইল মানুষের সহিত মানুষের পরস্পর সুসম্পর্ক তৈয়ারি করা। মানুষে-মানুষে যে-সম্পর্ক, তাহার রূপটি কেমন হইলে সাধারণের সুখ ও সমৃদ্ধি সুনিশ্চিত হইবে?

ইতিহাসের দিকে তাকাইলে দেখা যায়, মানুষ বরাবরই অন্য মানুষকে শোষণ করিয়াছে, বঞ্চনা করিয়াছে ও প্রতারণা করিয়াছে। শোষণ নানা প্রকার হইতে পারে এবং হইয়াছেও। কোন মানুষের প্রয়োজনের অতিরিক্ত সম্পদ থাকিলে সহজেই সে তাহা অন্যদের শোষণের

কাজে লাগাইতে পারে, আবার অন্যদিকে একজন মানুষ তাহার অতিরিক্ত শক্তি, মেধা, সম্পদ ও ক্ষমতাকে অন্যের সেবায়, অন্যের উন্নতিবিধানের কাজেও লাগাইতে পারে। এখন প্রশ্ন হইতেছে, তবে তাহা মানুষের উন্নতিকল্পে লাগানো হয় নাই কেন? কারণ, মানুষ তৈয়ারির শিক্ষা দেওয়া হয় নাই, গৃহ হইতে বিদ্যালয়-বিশ্ববিদ্যালয় পর্যন্ত কোথাও ত্যাগ ও সেবার আদর্শ শেখানো হয় নাই। সেইটি ভারতবর্ষের জাতীয় আদর্শ— যাহাতে সমাজ সুখে-শান্তিতে থাকিতে পারে। ইহা অতীব আশ্চর্যের বিষয় যে, আজ সব বিষয়ের সঙ্গে ম্যানেজমেন্টকে যুক্ত করা হয়। কিন্তু সেই ম্যানেজমেন্ট বিদেশীরা তাহাদের প্রকৃতি অনুসারে নিজেদের স্বার্থে তৈয়ারি করিয়াছে। ভারত তাহা গ্রহণ করিয়াছে। যেমন ভারতের বড়-বড় কোম্পানি যে ম্যানেজমেন্টের পদ্ধতি দ্বারা পরিচালিত কিংবা MBA ক্লাসে যাহা পড়ানো হয় তাহা মূলত আমেরিকান ম্যানেজমেন্ট।

ব্রিটিশ ম্যানেজমেন্টে আজ্ঞাবহতাকে (Loyalty) গুরুত্ব দেওয়া হয়। আমেরিকান ম্যানেজমেন্টে জোর দেওয়া হয় কার্যসিদ্ধির উপর। আর জাপানী ম্যানেজমেন্টে গুরুত্ব দেওয়া হয় সহমতে (Concensus)। ব্রিটিশ ম্যানেজমেন্টে দেখা যায় প্রোটেস্ট্যান্ট খ্রিস্টান ধর্মের প্রভাব। এখন প্রশ্ন হইল, ভারতের নিজস্ব কোন ম্যানেজমেন্ট আছে কি? থাকিলেও তাহা সংস্থানুযায়ী নিজস্ব। তাই ভারতে এখন চলিতেছে আমেরিকান ম্যানেজমেন্ট। কার্যসিদ্ধির জন্য যে-কোন উপায় অবলম্বন করা।ভারতের দরকার অর্থ। তাই তাহা যে-কোন উপায়ে উপার্জন করিতে ভারতীয় ত্যাগ ও সেবার আদর্শকে বিসর্জন দিতে হইতেছে। ফলে ব্যক্তিজীবন হইতে সমষ্টিজীবনে দুঃখকষ্টের মাত্রা বৃদ্ধি পাইতেছে। জাগতিক সুখভোগের লালসায় মানবিক সত্তাকে বিসর্জন দিতে মনে এতটুকুও দ্বিধা নাই। তাই আজ দেখা যায়, ব্যক্তিজীবনে সুখ-শান্তি-আনন্দের অভাবে পরিবার ভাঙিয়া যাইতেছে। ফলে মানসিক অশান্তি, রোগ-ব্যাধি ব্যক্তিজীবনকে দুর্বিষহ করিয়া তুলিতেছে। ইহার হাত হইতে মুক্তি পাইবার উপায় কি?

আজ Positive Psychology -তে নানা মডেল(Model) -এর কথা বলা হইতেছে। তাহাদের সাহায্যে ব্যক্তিজীবনে সুখ-শান্তি-আনন্দ কিভাবে পাওয়া যায় সেই বিষয় লইয়া আলোচনা চলিতেছে। এখানে মার্টিন সেলিগ্‌ম্যান-এর পদ্ধতি (Model) অনুসরণ করিয়া ব্যক্তিজীবনে সুখের অন্বেষণ করা হইতেছে।

২০১১ সালে সেলিগ্‌ম্যান সুখের (Happiness) অন্বেষণে PERMA মডেল তৈয়ারি করিয়াছেন ঃ

P = Positive Emotions [ feeling good (সুখবোধ) ]

E = Engagement [ being completely absorbed in activities (কোন কাজে নিজেকে সম্পূর্ণ নিমগ্ন রাখা) ]

R = Positive Relationships [ being authentically connected to others (অপরের সঙ্গে বিশ্বাসযোগ্য সম্পর্ক রাখা) ]

M = Meaning [ Purposeful existence (সদ্‌-উদ্দেশ্যমূলক জীবন) ]

A = Accomplishment [ Sense of accomplishment and successes (কোন কার্য সম্পন্ন করিবার আর কৃতকার্য হওয়ার মানসিকতা) ]

উপরি-উক্ত মডেল বিশ্লেষণ করিয়া কিভাবে মানুষ চিরসুখী হইতে পারে তাহা আলোচনা করা হইতেছে ঃ

(ক) Positive Emotion (সুখবোধ) ঃ সুখ দুইরকমের (১) শারীরিক সুখবোধ, (২) মানসিক সুখবোধ।

১) শারীরিক সুখবোধ হয় খিদের সময় পেট ভরিয়া খাইবার পর।

২) কোন কর্মের মধ্যে মনকে নিমগ্ন রাখিতে পারিলে মানসিক সুখবোধ হয়। যেমন মানুষ নিজেকে খেলাধুলায় নিমগ্ন রাখিয়া মানসিক সুখবোধ করে।

এই দুইটি সুখের মধ্যে কোন্‌ সুখবোধটি দীর্ঘস্থায়ী? বিচার করিলে দেখা যায়, খিদের সময় পেট ভরিয়া খাইবার সুখটি তাৎক্ষণিক। ক্ষয়িষ্ণু শরীর রক্ষার জন্য আট ঘন্টা পরে আবার খাইতে হইবে। বেশি খাইলে শরীর খারাপ হইবার ভয় থাকে। আবার খাওয়ার গণ্ডগোল হইলে বদহজম হইয়া শরীর খারাপ হয়। অতএব পরিমিত ভাল পুষ্টিকর খাদ্য খাইয়া শরীর সুস্থ রাখিতে পারলে সুখবোধ হয়। খেলাধূলার মাধ্যমে শরীর ও মন দুইটি বেশ সুস্থ এবং আনন্দে থাকে। কেহ হয়তো টিভিতে সিরিয়াল দেখিল। নিমগ্নচিত্তে দেখা পর্যন্ত সুখ-দুঃখের মধ্যে বেশ ভালই সময় কাটিল তাহার। এই সুখও কয়েক ঘন্টার জন্য। এখানে শরীরের সুখটি হল স্থুল এবং মানসিক সুখটি সূক্ষ্ম। এবং এই দুটি সুখের মধ্যে মানসিক সুখভোগটি দীর্ঘস্থায়ী।

খ) Engagement (মনকে কোন কাজে নিমগ্ন রাখা) ঃ যখন মানুষ কোন পড়াশুনায় বা কাজে নিমগ্ন হয় তখন তাহার সময়ের জ্ঞান থাকে না। যেমন গল্পের বই পড়ার সময় বা গণিত কষিবার সময়, বা কোন বিষয়ে গবেষণা করিবার সময় মন এতই নিমগ্ন থাকে যে, বাহিরের

জগতে কি হইতেছে কিছুই খেয়াল থাকে না। জোর করিয়া তাহার মনকে বইয়ের বা গণিতের জগৎ হইতে বাহিরের জগতে লইয়া আসিলে মন দুঃখিত হয়। ইহাতে ইহাই প্রতিপন্ন হয় যে, শারীরিক আনন্দ হইতে মানসিক সুখ তীক্ষ্ম এবং দীর্ঘস্থায়ী।

গ) Relationship (বিশ্বাসযোগ্য সম্পর্ক রাখা)ঃ অপরের সহিত ঘনিষ্ঠতা করিবার জন্য জাগতিক সুখ ও সুস্থমনের (সাইকোলজিক্যাল হেলথ) মধ্যে ঘনিষ্ঠ সম্পর্ক আছে। সামাজিক সম্পর্ক, পিতামাতা, ভাইবোন, স্বামি-স্ত্রী, বন্ধু-বান্ধব, আত্মীয়-স্বজন-এর সম্পর্কের জন্য ইতিবাচক ও সহযোগী মনোভাবের প্রয়োজন। প্রতিবেশী এবং সমাজের বিভিন্ন ক্ষেত্রের মানুষের সঙ্গে সুসম্পর্ক রাখিলে সুখ অনুভব হয়। সেই সঙ্গে থাকিবে পরিবারের সকলের সঙ্গে সুন্দর সম্পর্ক। নিজের স্বার্থ ত্যাগ করিয়া অপরের সঙ্গে ভাল সম্পর্ক গড়িয়া তুলিতে পারিলে মানসিক দিক হইতে সুখী হওয়া যায়। হাসি-আনন্দের মধ্যে জীবন কাটানো যায়। এইভাবে ব্যক্তিজীবন হইতে সমষ্টিজীবনের দিকে আনন্দ প্রসারিত হয়। এইসব আনন্দ ব্যক্তি ও বস্তুর উপর নির্ভরশীল। তাহা সত্ত্বেও উপরি-উক্ত সুখবোধ হইতে ইহা দীর্ঘস্থায়ী।

ঘ) Meaningful life (সদ্-উদ্দেশ্যমূলক জীবন) ঃ সত্যিকারের সুখ অনুভব হয় সদ্-উদ্দেশ্যমূলক জীবনের দ্বারা। অপরকে ভালবাসিয়া যে সুখ-আনন্দ পাওয়া যায়, তাহা জাগতিক বিষয়কে ভালবাসিয়া পাওয়া যায় না। স্বার্থপরের মতো নিজের সুখের জন্য অপরকে ভালবাসা হইতে ভালবাসার জন্য অপরকে ভালবাসায় মানবজীবনযাপনের মধ্যে অর্থ খুঁজিয়া পাওয়া যায়। যেমন দেখা যায়, ধার্মিক এবং আধ্যাত্মিক ব্যক্তিগণ অপরের সুখের জন্য জীবনধারণের মধ্যে মানবজীবনের উদ্দেশ্য খুঁজিয়া পান। যেমন, কেহ বন্যার্ত বা শরণার্থীর সেবা করিয়া যে সুখ-শান্তি - আনন্দ পায় তাহা নিজের স্বার্থসিদ্ধি অপেক্ষা অপরের সেবা করিবার মধ্যে সহস্রগুণ বেশি।

ঙ) Achievment (মনুষ্যজীবনের লক্ষ্যে পৌঁছানো) ঃ জীবনের অন্তিম লক্ষ্যে অর্থাৎ চরম সুখে পৌঁছাইতে হইলে জাগতিক সুখ-রূপ ক্ষুদ্র লক্ষ্যে প্রথম পৌঁছাইতে হয়। ইহার পর মানস-জগৎ হইতে ধীরে ধীরে অতীন্দ্রিয় - সুখ রূপ চরম লক্ষ্যে পৌঁছাইতে হয়। চরম সুখ সম্পর্কে স্বামী বিবেকানন্দ বলিয়াছেন ঃ ''সুখ কেবল আত্মাতেই পাওয়া যায়। ... এই আত্মাতে সুখলাভ করাই'' মনুষ্যজীবনের লক্ষ্য। ছান্দোগ্যোপনিষদে বলা হইয়াছে, 'নাল্পে সুখমস্তি' — অল্পবস্তুতে সুখ নাই, কিন্তু 'ভূমৈব সুখম্'- যাহা ভূমা, নিরতিশয় ও বহু তাহাই সুখ। জগৎ-সংসারে দেখা যায়, যে-মানুষ অল্প দ্রব্য লাভ করিয়াছে তদপেক্ষা অধিক পরিমাণ দ্রব্য দেখিলেই তাহা পাইতে সে-ব্যক্তির চিত্ত চঞ্চল হইয়া উঠে, এবং তদপেক্ষা অধিক পরিমাণ দ্রব্য লাভ করিতে ইচ্ছা করে। এইরূপে উত্তরোত্তর তৃষ্ণা বৃদ্ধি পায়। তেমনই জাগতিক সুখের পরিমাণও উত্তরোত্তর বৃদ্ধি পায়। তবে ইহা প্রমাণিত সত্য যে, এই প্রকার সুখ ক্ষণিক এবং কখন কখন পরিণামে দুঃখদায়ীও বটে। মানুষ চাহে চিরস্থায়ী সুখে থাকিতে। জাগতিক বস্তু-নির্ভরশীল সুখ হইতে মনোজগতের সুখ দীর্ঘস্থায়ী। কিন্তু মনোজগৎ অতিক্রম করিয়া অতীন্দ্রিয় জগতের সুখ চিরস্থায়ী। ইহাই চরম সুখ বা আনন্দ। এই সুখলাভ করাই মনুষ্যজীবনের লক্ষ্য। সেই সুখ আত্মজ্ঞানলাভের সুখ। এই চরম সুখ সদ্-ব্যক্তি নিঃস্বার্থ পরের সেবা এবং ধ্যান-ধারণার দ্বারা সমাধিলাভ বা ভগবানলাভের মাধ্যমে লাভ করিয়া থাকেন।

সৌজন্যে ঃ উদ্বোধন, ১১৭তম বর্ষ, ৪র্থ সংখ্যা ।

# SPIRITUAL DIMENSIONS OF FREEDOM

***Swami Satyamayananda***
*Secretary, Ramakrishna Mission Ashrama, Kanpur*

*'Freedom is the one goal of all nature sentient and insentient and consciously or unconsciously everything is struggling towards that goal.'* CW, 1.109

**The Simple Truth of the Universe**

If 'freedom is the one goal…' but our experience shows we are bound. Is this escaping from one bondage to fall into another called struggle for freedom? It doesn't really make sense, yet, yet, deep down we believe Swami Vivekananda's statement has to be true. Not just true but it is metaphysics made easy. Freedom is a fact of the universe and a fact of our lives too. How many books have been written, theories propounded, to explain the universe? Some are true but partial; some are bad; others are confusing.

With this shift in perception we can understand this vast complex and mysterious universe and life: The saint praying, the robber's devious mind, a monk meditating, householder's hard work, child's tears, and widow's grief and so on. It was and is the impulse for freedom that is working diversely everywhere in innumerable ways.

There are some mature souls that see through the illusions of bondage and make a conscious effort to break free. The law of karma which was thought of as the law of bondage becomes the law of freedom. This article is meant for such. The others will need it later and then they can access the archives of the *Vedanta Kesari*.

**This Formula is Linked to Others**

This simple formula is linked with other truths, for instance: 'Freedom means true morality.'[1] Freedom is knowledge, it is immortality, is perfection, is fearlessness, and above all, Freedom is God. How does one attain Freedom? 'No freedom without renunciation'.[2] To become pure is the shortest path to freedom'.[3] 'Freedom is never attained by the weak'.[4] This freedom is not about going to heaven but here and now.

**Truth was staring at us all through**

If this is the simple fact of the universe why didn't we see it before? Why didn't anyone speak of it? This mighty metaphysical fact was actually unblinkingly staring at us all the time. Only we are blinded with innumerable things, preoccupied with thousands of duties and beset with hundreds of cares. We were temporarily lulling ourselves with drugs and drinks and other titillations to cover the harshness of life's burdens that we wanted to throw away. All religious, philosophical and moral systems speak of it. The whole gamut of Hinduism preaches *moksha, mukti*, freedom, as a goal for all. Sri Ramakrishna also said, 'The goal of human life is to see God.'

**We were impelled all along**

Besides receiving inputs from all around we were actually goaded on by Nature. Only the end, the purpose, and the means, were kept a secret from us. Thus, we were being driven but were never adrift. These

inputs, this goading, were orienting us unconsciously to freedom and freedom being perfection we had been striving day and night for this unawares, unknowingly. 'Within ourselves is this eternal voice speaking of eternal freedom. Its music is eternally going on.'[5] We had been too distracted with surface things to catch it.

**Freedom is the Soul's Nature**

Freedom is for all but there is no short cut to it, one has to earn it.. There is no eternal damnation for anyone. In the profound process that Nature takes us to freedom, she uses us also to oil her machine. Everything we do is nothing but a spinoff from this going towards freedom: Art, literature, culture, science, technology, life, law, and so on.

When the *pravritti*, 'the circling forward' gives place to the *nivritti*, the 'circling inwards', thus the desire for freedom begins consciously, deliberately. Then only does the mystery unravel. We don't travel down a radius to the centre but we begin orbiting back. From the outer fringes of life, inside, and each orbit brings us closer to the core, to freedom. The retrograde movement mainly depends on God's grace. Each orbit has a definite characteristic. Each is a spiritual dimension. Each orbit progressively grows subtler, and is a more elevated state of being, of freedom. These are the spiritual dimensions. These spiritual dimensions are looked at, in this article, from the subjective side, for freedom is subjective. Instead of using difficult technical terms of scriptures on Yoga and Vedanta, this article will look at these following stages in the language we are used to. The sense of freedom keeps growing at every stage until we are absolutely free.

**Twelve Spiritual Dimensions of Freedom**

**As the First** inward circling commences the world remains as it is but one's relationship with it changes. This is a profound transformation profound of the first dimension of freedom. One feels like a sojourner in a strange land. Peoples, places, things, don't tug one anymore. No longer does the world's bark or bite frighten one but yes, its clamour and cacophony keeps one away. The world so long felt like home is no more a home while a definite relationship with God is established.

**In the Second** dimension changes occur in the body, senses and mind. The strong cravings, the stress, the tensions, the mad rush of hormones in the bloodstream have waned. This brings in clarity in perceptions and the body is calmer and so are the senses. The first sign is: restless eyes and fingers are steady and coordinated. The body changes, for it is thought that sculpts the body. With calm and pure thoughts the signs on the body are unmistakable. Harsh lines vanish, the voice is sweet, and the gaunt and hungry look in the face and eyes disappear, there is a sense of wellbeing, eating and recreation habits change. A mighty spiritual restlessness comes over one.

**In the Third** dimesnsion there is a major shift in one's centre of gravity inwards. One also becomes solicitous, patient and kind. All attachments have gone. The other shift is regarding the time and type of activites. Time becomes very precious and work that ennobles oneself and the world is performed. The spiritual restlessness has increased so much that day and night a thirst for God keeps burning us as it were.

These changes do not mean that the person is pulled in the orbiting spiral while being passive. Nothing is easy here. One has taken up serious sadhana and the only support one has is: the guru, *shastras*, scriptures, and *Ishta*, chosen ideal. One has to bleed for every inch of the way through tremendous self effort. Nothing is for free here.

These three changes are external to those that follow. With each orbit one gets better and better in devotion and knowledge. As sadhana commences one gets progressively more faith and energy and these are reemployed in sadhana. It is like ploughing back the profits accrued from a business into the business itself, for more profits.

The sadhans can be any of the numerous ones found all over the religious and spiritual literature or it can be the combination of the four yogas or of two or three.

**The Fourth** dimension has many levels. For instance, in *japa* or *dhyana*, one’s body feels light and one can sit for hours on the asana, seat, without fatigue. Joy and energy courses though the body and mind all the time. *Japa* and *dhyana* no longer feels mechanical or dry. The mantra or the image of the *Ishta* gets deeper and deeper within oneself. Till it feels it is glowing and living from the deepest recesses of one’s being.

**In the Fifth** dimension comes rock-solid concentration and shows a tremendous urge for freedom as results of sadhana start coming in. The latent powers of the soul are unfolding because the subtle mind has opened. This subtle mind is the spiritual mind. Minor obstacles which inevitably rise are so easily overcome that a strong sense of exhalation and conquest enraptures one.

Subtle perceptions now take place indicating that one is entering into the inner dimensions of spirituality. ‘Like snowfall, smoke, sun, wind, fire, firefly, lightening, crystal, moon, these forms, coming before gradually manifest the Brahman in Yoga.’[6] Like a child needs conditioning to make it strong enough to walk, so do these perceptions come and strengthen the mind. The doubt so long held whether this external world is a creation of the mind, is finally removed.

**The Sixth** dimension, the sixth orbit, reveals a still inner spiritual world and one is overwhelmed at its vastness, its infinity. One feels like a speck of dust, helpless, in the vast sky. Traversing this infinity looks impossible and the awareness of the lack of competency, time and energy hits one like a painful blow. In this vast dimension there are powers (personal and impersonal) and other phenomena lurking to thwart any stout soul. It is here that most of the advanced aspirants get stuck if they are not careful.

It is also here that the soul starts doubting about God but this is due to the old conceptions being washed away by higher and higher conceptions of God which have not yet taken firm root.

Here one feels clearly that one’s grit in sadhana is helped by divine grace. It is like we do one percent and the divine does ninety-nine. We are pulled on, traversing field after field of this vast dimension. It is very strong discrimination that is the best guide here. For subtle temptations are hard to be removed easily. Here it is that one sees many visions but this is not a criterion of one’s progress. The criterion is renunciation. ‘The Yogi should not feel allured or flattered by the overtures of celestial beings for fear of evil again’[7] Swamiji commenting on this sutra says: 'gods and other beings come to tempt the Yogi.' Various visions of course dont come to everyone.

**The seventh** dimension shows one has crossed over most of the previous dangers. The intellect has become very sharp and clear. This is not to be mistaken with cognitive abilities. It is a higher intellect. It can penetrate into the heart of matter and knowledge comes in a powerful flash. This is a high state. The world appears like a shadow.

**In the eight** dimension the mind comes under one’s great control. Wasn’t it under control so long? This question shows one's ignorance about the nature of the mind. The vast areas of the subconscious mind are finally in one's grip totally One however cannot rest on one’s oars and be complacent yet for dangers might still lurk to take one unawares.

**In the ninth** dimension, orbit, the mind has become luminous. *Ahamkara*, the sense of I, which is an aspect of the mind, has become clear The two dimensions of past and future hidden by the present have opened up. No more is the mind swayed by internal or external delusions. The mighty love to see God is lifting and carrying one effortlessly towards Him. God's infinity dwarfs the spiritual world's infinity.

**The tenth** dimension shows the mind full of bliss and light and love. One’s meditation has become natural and effortless, meaning the mind has acquired the habit to plunge in Samadhi. In this state one rises to higher and subtler levels of samadhi beyond time and space. Then the subject of samadhi becomes oneself.

The aspirant for freedom may or may not be aware of his or her spiritual growth. The mind is totally free from *rajas* and *tamas*.

**The eleventh** dimension reveals the mind has become so strong it could crush a mountain to dust or could dry an ocean by merely blowing. One feels so invincible that nothing gross or subtle, no gods, nobody, can have its sway

over one. With the conquest of matter so also comes the conquest of time and space. This triad and everything comes under the yogi's powers. This strength is divine strength. The yogi becomes almost omniscient and omnipotent.

**The twelfth** dimension takes us almost to the core. The greatest bondage of the universe, the bondage that we have been carrying for eons and eons through lives and lives, this identification with the body, is finally dissolved. This mind which exists in its superfine form wants to gives up its individuality. God = Freedom, absolute freedom, this mind now plunges in. It is like a moth trying to plunge into the fire but is obstructed by a fine glass. The need to be one with God is indescribable. This is divine madness, this is divine love, and this is the madness of knowledge. Then it is over. There remains only an infinite ocean of consciousness, of supreme love. The worlds (gross, subtle, causal) are nonexistent and so is the yogi. Only God exists.

The deepest reaches of the twelfth dimension is dimensionless. It has been described by Sankaracharya in the *Vivekachudamani* ( 408) thus: The *vidvan* (wise one) realizes in his heart through Samadhi, the Infinite Brahman, which is something of the nature of eternal Knowledge and absolute Bliss, which has no exemplar, which transcends all limitations, is ever free and without activity, and which is like the limitless sky, indivisible, and absolute.

[1] Complete Works of Swami Vivekananda, 8.27
[2] 6.505
[3] 8.15
[4] 1.146
[5] Compete Works of Swami Vivekananda, 2.325
[6] *Shvetashvatra Upanishad*, 2.11
[7] Compete Works, 1.286

---

# জুড়ানোর জায়গা

**স্বামী রামভদ্রানন্দ**
**রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র, কলকাতা**

আজও বসে আছ মা
তেমনি করে পা দুখানি মেলে
সন্তানের দিকে তাকিয়ে
বাছা আমার পেট ভরে খেলে,
কি সকরুণ ভাবে
চোখ দুখানি কৃপা দৃষ্টিতে
আয়রে বাছারা পরিশ্রান্ত
আয় আমার কাছে জুড়াতে।
জাত পাত ভেদে
উচ্চ-নীচ ধর্ম-বর্ণ নির্বিশেষে

আচন্ডালে কোলে নিতে
মা এসেছে গ্রাম্য পরিবেশে।
প্রতিদিন ছুটে চলেছে
কাতারে কাতারে জয়রামবাটী গ্রামেতে
ধনী-নির্ধন আর্তি-অথার্তি
শান্তি পেতে মার প্রেমের ছোঁয়াতে।
সেথা নেই কোন ভয়
নেই কোন কঠিন নিয়ম নির্দেশ
আপন সন্তান স্নেহে
আছে শুধু একান্ত ভালোবাসার আবেশ।

# Do Not Commit Suicide

***Swami Narasimhananda***
*Editor, Prabuddha Bharata, Mayavati*

Desperation causes aspiration. Some aspire to live, others to die. Death is the cessation of the life of a living being in this world. It is the dissolution of one's perceived personality. The normal idea of personality is a compound of body and mind. The death of the body is ordinarily considered death. But are we merely bodies? Do we have no existence beyond our bodies? What is our true nature? What is our true personality?

Life brings out the best of us by putting us into situations that are the worst. Why does it do so? To make us wake up from our beginningless slumber of forgetting our true nature: blissful, ever-existing, and absolutely conscious. It tries to shake us from our dream of the world. Just as in a dream it is difficult to see ourselves, so in this dream of worldly existence we cannot see our true nature, the Atman.

Even when we think that we ought to start our spiritual journey, what do we do? We chalk out a programme, a routine, make some feeble attempts at meditation, do some scriptural studies, bring changes to our lifestyle, do some devotional practices, and try to help others. All these are at best preparations for the spiritual journey. Almost all of us remain stagnant at this stage of preparation, our entire lives, and do not progress further because we lack both vision and passion. We lack the vision of Atman, our true nature. We fail to understand the import of the Upanishads who try to give us an inkling of our glorious nature. Constantly studying them and meditating on their meaning gives us a grand vision of our reality beyond what we perceive: the seer behind the seen. With this vision we have a roadmap to start our journey. We know what it would be to reach the destination. We know, from the seers of the past, that the arrival at the destination would be a state of complete fulfilment, a state of complete doubtlessness. What is self-realisation or God-realisation? It is a doubtless understanding of one's personality. That is the vision we need to have to be spiritual aspirants, to aspire to be free from suffering.

With a clear vision of the spiritual path and its destination, we need passion to move forward. Have you seen the proverbial fish out of water? Are you one? Do you become restless with the pleasures of the world? People around the world become restless to get engrossed in sense pleasures but how many get restless to get out of them? Do you feel suffocated dabbling in the dreams of duality? Do people, sense-objects, your body, your mind, and whatever you perceive distress you? Are you impatient to get out of the vicious cycle of the seer and seen, the perceiver and the perceived? Do you want to become one with the sexless, ageless, immutable, inactive, Atman? Do you feel like ending this world born of ignorance? This is the passion you need to start your spiritual journey.

Everyone wants to live a happy life but few can live so. Everyone just holds on to the fleeting semblance of life and tries to settle on an unsettling ground. Ignorance is bliss is what most people believe and practise. They forget their blissful nature and kill themselves again and again, take birth and die over and again—all these because of wrong identifications with false appearances. They want to possess and to enjoy. They are the victims of the sense of I and mine. Their mirrors are covered with dust that they forgot to wipe off. Hence, the reflections they see are not clear and not true. This is suicide. Not the killing of the body but the killing of the understanding of one's true nature is real suicide. Instead of renouncing the sense-objects for realising one's true nature, the Atman, everyone is renouncing the understanding or even an inkling of one's true nature, to enjoy the sense-objects.

We fail to see our true reflections through the dirty mirrors of our minds. We fail to glimpse that nature of ours, which is the true witness of the glimpses of this manifold universe. Our condition is worse than the amnesiac who has forgotten one's name. We have not just forgotten our name but also our nature. We have forgotten that we are beyond name and form. Worse still, we are totally unaware of this and are not trying to get back the memory of our true Self. This is a great suicide. This is a suicide far worse and damaging than the suicide of killing one's body.

This is suicide at the deepest level. And the pain that this suicide brings leaves us being kicked from one lifetime to the other, much like the football kicked by the players on the ground. This suicide brings both the suffering and its effects that go on and on in a vicious cycle of ignorance.

We create illusions and see in people and objects, characteristics that do not exist. We attribute to this universe permanence that is never there. We constantly confound ourselves with confusions, the true nature of which we have never confirmed, and have never even bothered to attempt to do so. The body that would wither and die is pampered so much and we zealously search for techniques for prolonging youth, beauty, and vitality. We consider ourselves to be the body that is full of impurities as opposed to our true nature, the Atman, which is the epitome of purity.

By constantly neglecting our true personality, we kill itself just like we can kill the body by neglecting it for many days, by not feeding or maintaining it. This is spiritual suicide. Any pain at the gross level is less intense. The more we move on the scale of subtlety, the pain is deeper and deeper. The opposite of life is death. When a person commits suicide of the body, she or he changes life into death. Similarly when a person commits spiritual suicide she or he goes away from one's true nature of bliss to a never-ending cycle of suffering.

By considering ourselves—who are truly, unborn, immortal, immutable, and indivisible—to take birth, to die, and having different parts and characteristics, is to give a fatal blow to our personality and kill its very essence. This is the suicide that no one should attempt, yet all of us are enamoured by our repeated attempts to bind our free self and to cover the glory of our pristine nature. This comes from the unexplained ignorance that has no beginning but definitely has an end if only we follow the instructions of the scriptures left to us by an unbroken tradition of masters. Let us not commit suicide. Let us use this life of ours to realise our true divine nature. Let us live a life of striving to know the truth of our personality.

Published in 'Prabuddha Bharata',
August 2015

# আমি দেহ বেচে ভবের হাটে দুর্গানাম কিনে এনেছি

**সঞ্জীব চট্টোপাধ্যায়**
সাহিত্যিক

ভগবান শ্রীরামকৃষ্ণ নিজ মুখে বলেছিলেন, একবার নয় বেশ কয়েকবার ''যে রাম যে কৃষ্ণ এই দেহে এবার রামকৃষ্ণ।'' ত্রেতা ও দ্বাপরের দুই অবতার কলিতে সম্মিলিত। আবার তিনিই সবসময় বলতেন, আমি কারো গুরু নই। কর্তা নই, বাবা নই। 'আমি খাই, দাই আর থাকি, সব আমার মা (কালী) জানে।' বেশ হেঁকে ডেকে বলতেন, 'আমি মূর্খ।' ব্রাহ্ম-নেতা কেশবচন্দ্রকে বলেছিলেন, 'তোমাকে কে বলেছে আমার প্রচার করতে।' আমি যদি ফুল হয়ে ফুটে থাকি ভ্রমর আসবেই। বিষয়বিমুখ ভক্তদের সঙ্গে লীলা করার জন্যে এসেছি। আমি অবিরত শতমুখে মায়ের কথা বলব। নাচবো, গাইবো। তাতে কার কি! আমি জগৎচন্দ্র হার পরেছি।

গিরিশচন্দ্রই প্রথম ঘোষণা করলেন, শ্রীরামকৃষ্ণ 'অবতার'। মথুরবাবু বলতেন, 'আমার বাবা'। ঠাকুরের চিকিৎসক ডাক্তার মহেন্দ্রনাথ সরকার বলতেন, 'এমন একটা ভালো মানুষকে তোমরা 'অবতার, অবতার' বলে নষ্ট করে দিয়ো না। ভারতের ইতিহাসে ইতিমধ্যে বড় ধরনের একটা পরিবর্তন এসেছে। জাতি স্বাধীনতা হারিয়েছে। বাদশাহী আমল, নবাবী আমল খতম। শুরু হয়েছে ইংরেজ আমল। হিন্দু ধর্মে জাতির বিশ্বাস, আস্থা থাকে কি থাকে না! যুবকরা ইংরিজি শিখছে, পাদরিদের প্রচার কানে আসছে। নিজেদের ভাষা, সংস্কৃতি, ধর্মে ঘৃণা জাগছে। তর্ক করার সাহস বাড়ছে। প্রবীণদের উপেক্ষা, অসম্মান করায় গৌরবান্বিত মনে হচ্ছে। বিদেশী ধারায় শিক্ষিতদের এলাকায় দুটি শব্দ আলোড়িত হচ্ছে, 'সংস্কার' আর 'কুসংস্কার'। পূজা, পার্বণ, শ্রাদ্ধ, প্রায়শ্চিত্ত ইত্যাদি গ্রাম্য ব্যাপার।

অজগাঁয়ে তিনি এলেন। ছদ্মবেশী। ছদ্মভাব। কিছু জানেন না, বোঝেন না। দরিদ্র পরিবার। লেখাপড়া শিখতে ইচ্ছা করে না। খেয়ালি। এই আড়ালটার প্রয়োজন ছিল। জীবনকে না জানলে দাওয়াই তৈরী করবেন কী করে? অন্তর্যামী হতে হবে। ঠাকুর বলতেন, আমি মানুষের ভেতরটা দেখতে পাই, যেন কাঁচের ঘর। কোনো কিছু লুকিয়ে রাখার উপায় নেই। কে খাঁটি, কে ভণ্ড, অনিবার্য ভাবে ধরে ফেলতে পারতেন। তবুও তিনি নিজেকে মনে করতেন, সাধারণ এক মানুষ। আসক্তিশূন্য, অনুসন্ধিৎসু। দীর্ঘকাল ধরে এই জগতে যা হয়ে আছে, তার সন্ধান নিতে হবে সবার আগে। ধর্ম, দর্শন, সঙ্গীত, সাহিত্য, পরিবার, সমাজ, সম্পর্ক, জীবজগৎ, বিষয়, বৈরাগ্য, আশ্রম; যেন তদন্তে এসেছেন। ভোগ আর ত্যাগ। কে আমি? ধনীরা না দরিদ্ররা! ভোগের উপকরণ না থাকাই কি ত্যাগ? বাইরে ত্যাগ, না মনে ত্যাগ! ভীষণ এক সংশয়ের নিরসন প্রয়োজন। ভগবান কে? কোথায় তিনি? কল্পনা না বাস্তব। তিনি কি দেখা দেন?

নরেন্দ্রনাথ তাঁর একটি রূঢ় কথায় কিছুক্ষণের জন্যে সব গুলিয়ে দিয়েছিলেন। নরেন্দ্রনাথ বলেছিলেন, 'আপনার ঐ সব দর্শনটর্শন সব মনের ভুল।' ঠাকুর অসহায়ের মতো বলেছিলেন, 'সে কি রে? আমি যে দেখি, স্পষ্ট দেখি, এই যেমন তোকে দেখছি।' ঠাকুর মাষ্টার মশাইকে (শ্রীম) জিজ্ঞেস করছেন, আচ্ছা, তোমার 'সাকারে' বিশ্বাস, না 'নিরাকারে'? মাষ্টার মশাই বললেন, 'নিরাকার' আমার ভালো লাগে। ঠাকুর বললেন, 'তা বেশ। একটাতে বিশ্বাস থাকলেই হল। নিরাকারে বিশ্বাস, তা তো ভালই। তবে এ বুদ্ধি করো না যে, এইটি কেবল সত্য আর সব মিথ্যা। এইটি জেনো যে, নিরাকারও সত্য আবার সাকারও সত্য। তোমার যেটি বিশ্বাস, সেইটিই ধরে থাকবে।ঞ্জ

দক্ষিণেশ্বরে ঠাকুরের কাছে মাষ্টার মহাশয়ের এটি দ্বিতীয় দিন। তিনি শিক্ষক। বিষয় দর্শন। পাঠসূচীতে 'লজিক'ও আছে। যুক্তি, তর্ক, সিদ্ধান্ত। এই হলে তাই হয়, তাই হলে এই। মাষ্টার মশাই ভাবছেন এ কেমন কথা! দুটো বিপরীত কেমন করে এক হবে! পুঁথিগত বিদ্যার সঙ্গে ঠাকুরের এই সিদ্ধান্ত মিলছে না। মাষ্টারমশাইয়ের বিদ্যা ক্রমশই অতল জলে তলিয়ে যাচ্ছে। ডিগ্রি-ডিপ্লোমার লাইফবোট অকেজো। তবু হাল ছাড়লেন না। শেষ চেষ্টা। বললেন, 'তিনি সাকার, এ বিশ্বাস যেন হল! কিন্তু মাটির প্রতিমা তিনি তো নন।'

ঠাকুর চমকে উঠলেন, 'মাটি কেন গো! চিন্ময়ী প্রতিমা।'

'চিন্ময়ী প্রতিমা' শব্দটিতে মাষ্টার মশাই হোঁচট খেলেন। আগে শোনেন নি। এর অর্থ? ব্যাখা ? পরে হবে। এইবার উচিত, অনুচিতের প্রসঙ্গে আসা যাক। তিনি শিক্ষক। মানুষকে জ্ঞানদান করেন। বেশ মুরুব্বির চালে বললেন, 'আচ্ছা, যারা মাটির প্রতিমা পূজা করে, তাদের তো বুঝিয়ে দেওয়া উচিত যে, মাটির প্রতিমা ঈশ্বর নয়, আর প্রতিমার সম্মুখে ঈশ্বরকে উদ্দেশ্য করে পূজা করা উচিত।'

কলকাতার মাষ্টার মশাই, ফিলঅজফি পড়ান। পারিবারিক অশান্তিতে জেরবার। স্বামী অভেদানন্দজী বেশ সুন্দর একটি ঈশ্বর প্রণিধান ফর্মুলা আমাদের জন্যে রেখে গেছেন,

Spiritual gain = Physical loss
Physical loss = Spiritual gain

শ্রীম, এখন তিনি শিক্ষক মহেন্দ্রনাথ, দিশাহারা, দক্ষিণেশ্বরে ঠাকুরের কাছে এসেছেন। অদ্ভুত একটা আকর্ষণ। কি কারণে এসেছেন ? কি চাই তাঁর ? মন্ত্র! পথনির্দেশ। দক্ষিণেশ্বরের শ্রীরামকৃষ্ণ সম্পর্কে তিনি কিছুই জানেন না। রাসমণির সাড়ম্বরে প্রতিষ্ঠিত কালীবাড়ির পূজারী। না, কি তন্ত্রসিদ্ধ সাধক! অনেক সিদ্ধাই! ধর্মগুরু! এখনো কিছুই জানেন না। মাষ্টার মশাই কি সাধক হতে চাইছেন ? বৈরাগ্যবান ? গৃহদেবালয়ে ঘন্টার ঘন্টার পর ঘন্টা পূজা করেন ? ধ্যান, জপ ? দীক্ষা নিয়েছেন ? ঠাকুর এই সব প্রশ্ন করেন নি। শুধু জানতে চেয়েছেন, বিবাহিত কিনা, সন্তানাদি আছে কি-না! প্রশ্ন করার প্রয়োজন হয় না তাঁর। তিনি জানেন, অনেকেই আসবেন। আসতে হবে। শ্রীরামকৃষ্ণ বুঝতে পেরেছেন কেন তিনি এসেছেন ? মাষ্টার মশাইয়ের এই হঠাৎ আসাটাকে 'হঠাৎ' ভাবছেন না। শ্রীরামকৃষ্ণের লীলায় এঁর গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে। সেই কারণেই সাক্ষাতের প্রথম দিন থেকেই মানুষটিকে তৈরি করছেন। প্রথম আঘাত বিদ্যার অহংকার। দ্বিতীয় আঘাত আভিজাত্যে। তৃতীয় মেরামতি নারীর প্রতি দৃষ্টিভঙ্গির আমূল পরিবর্তন। কারণ একটু আগে ঠাকুর জিগ্যেস করেছিলেন 'আচ্ছা, তোমার পরিবার কেমন ? বিদ্যাশক্তি না অবিদ্যাশক্তি ?' মাষ্টার মশাই বলেছিলেন,'ভাল কিন্তু অজ্ঞান।' ঠাকুর অখুশি হয়ে বলেছিলেন, 'আর তুমি জ্ঞানী ?' মাষ্টার মশাই বুঝতে পেরেছিলেন, ঠাকুর বিরক্ত হয়েছেন। মাষ্টার মশাই-এর সংশয়, মাটির প্রতিমা কি ঈশ্বর ? প্রতিমা হল প্রতীক। এই তত্ত্ব মানুষকে সবার আগে বুঝতে হবে, বোঝাতে হবে।

ঠাকুর বললেন, সুমধুর স্নেহ মাখানো কন্ঠে, 'মাটি, মাটি কেন গো! চিন্ময়ী প্রতিমা।'

সাধন জগতের অনেক শব্দ মাষ্টার মশাইয়ের তখনো অজানা। যেমন এই শব্দটি 'চিন্ময়', 'চিন্ময়ী'। মাটি নয় চিন্ময়ী। ঠাকুর আবার বিরক্ত, 'বুঝিয়ে দাও, বুঝিয়ে দাও'। কি বোঝাবে ? কাকে বোঝাবে ? 'তোমাদের কলকাতার লোকের ওই এক! কেবল লেকচার দেওয়া , আর বুঝিয়ে দেওয়া। আপনাকে কে বোঝায় তার ঠিক নেই! তুমি বোঝাবার কে ? যাঁর জগৎ তিনি বোঝাবেন। যদি বোঝাবার দরকার হয় তিনিই বোঝাবেন। তিনি তো অন্তর্যামী। যদি ওই মাটির প্রতিমা পূজা করতে কিছু ভুল হয়ে থাকে, তিনি কি জানেন না- তাঁকেই ডাকা হচ্ছে ? তিনি ওই পূজাতেই সন্তুষ্ট হন। তোমার ওর জন্যে মাথা ব্যথা কেন ? নিজের যাতে জ্ঞান হয়, ভক্তি হয়, তার চেষ্টা কর। প্রতিমা হোক না মাটির— সে পুজোরও প্রয়োজন আছে। নানারকম পূজা ঈশ্বরই আয়োজন করেছেন। যার জগৎ তিনিই এসব করেছেন অধিকারী ভেদে।'

ঠাকুরের প্রিয় গানের একটি লাইন ঃ 'আমি দেহ বেচে ভবের হাটে, দুর্গানাম কিনে এনেছি।।'

*With best compliments from :*

# Pranab Prakash

**Vizag**

# গীতার দুটি শ্লোক ও প্রসঙ্গতঃ

**গৌতম বন্দ্যোপাধ্যায়**
**সদস্য, বিবেকানন্দনিধি, কলকাতা**

শ্রীমদ্ভগবদগীতার সপ্তম অধ্যায়ে শ্রীভগবান অর্জুনকে প্রথমেই বললেন কীভাবে তাঁকে কোনও রকম সন্দেহ ছাড়াই একেবারে নিশ্চিতভাবে জানা যাবে তাই তিনি এখন বলতে চলেছেন। অর্থাৎ ভগবান নিজেই জানিয়ে দিচ্ছেন ভক্তকে, কীভাবে তাঁকে নিঃসংশয় রূপে জানা যায় তার পদ্ধতি। এ তাঁর কৃপা! আমাদের কাজ শুধু তাঁর নির্দেশ অনুসরণ করা। এবারে আমরা দেখি তিনি কি বলছেন? বললেন - ''ময়ি আসক্তমনাঃ,'' ''আমাতে আসক্তিযুক্ত মনবিশিষ্ট'', ''মদাশ্রয়ঃ'' — '' আমাতে আশ্রয়প্রাপ্ত'' হয়ে ''যোগং যুঞ্জন্ '' - ''যোগ অভ্যাস করে'' তাঁকে সামগ্রিকভাবে ও নিঃসংশয়ে জানা যাবে। তাহলে তিনটি বিষয় আমরা ভগবানের কাছ থেকে পেলাম। প্রথমতঃ, আমাদের তাঁর প্রতি একান্তভাবে এবং অনন্যপ্রেমে আসক্তিযুক্ত হতে হবে। সকল আকর্ষণ এবং আসক্তি ভগবানের অভিমুখী ক'রে তুলতে হবে। একমাত্র তাঁকেই চাইব এমনকী আমাদের প্রাণচেতনার সেই অংশ দিয়েও যা' নিরন্তর কামনা ও আসক্তি তৈরী ক'রে চলেছে। নিয়মিত এই অভ্যাস আমাদের স্বভাবের মধ্যেকার কামনা ও আসক্তির তাড়নাকে 'মোড় ফেরাতে' সাহায্য করবে ভগবানের অভিমুখে। তখন কামনা হবে ভগবানকে পাওয়া, আসক্তির বিষয় হবেন ভগবান স্বয়ং। দ্বিতীয়তঃ, তাঁতে আশ্রয়প্রাপ্ত হ'তে হ'বে। আমরা আশ্রয় চাই সবসময়। সকল সময়েই আমাদের চেতনার মধ্যে ক্রিয়াশীল থাকে বিষন্নতার এক ভাবনা। এই ভাবনাই আমাদের মধ্যে জাগিয়ে তোলে নিরাপত্তার বোধ। নিরাপত্তাকে সুনিশ্চিত করতে আমরা আশ্রয়ের সন্ধানে চলি। ভাবনাগুলি যাতে ভুলে না যাই সেই বিষয়কে সুনিশ্চিত করতে আমরা লিপির আশ্রয় নিয়েছি - যখন লিপি আসেনি তখন আশ্রয় ছিল স্মৃতি; এখন, যখন প্রযুক্তি বেশ অগ্রসর - তখন আশ্রয় হল পরিগাণণিক মাধ্যম (computerised media) । অস্তিত্বগত বিপন্নতার বোধ আমাদের মধ্যে জাগিয়ে তুলেছে বাসস্থানের সন্ধান। মানসিক ও প্রাণিক বিপন্নতার নিরাকরণে মানুষ যুক্ত হয়েছে মানুষের সঙ্গে সম্পর্কে । এ সবই আশ্রয় - কখনও বস্তুগত, কখনও চেতনাগত, কখনও বা ভাবগত। ভগবান বলছেন, ভক্তকে আশ্রয়লাভ করতে হবে তাঁর মধ্যে। সকল রকম আশ্রয় হিসেবেই আমরা ভগবানকে গ্রহণ করব। তিনিই আমাদের একমাত্র আশ্রয়। এমন বিষয়টি ধীরে ধীরে প্রতিষ্ঠা লাভ করবে অস্তিত্বের সকল স্তরে। বিপন্নতার নঙর্থকতা এইভাবে রূপান্তরের মধ্যে দিয়ে নবজন্ম লাভ করবে ভগবদাশ্রয়ে। তৃতীয়তঃ, যোগে যুক্ত বা যোগলগ্ন হ'তে হ'বে। যোগ হল যুক্ত হওয়া - ভগবানের সঙ্গে যখন আমার চেতনা যুক্ত হয় - সেই যুক্ত বা মিলিত অবস্থাকে যেমন যোগ বলে বোঝান হয় - তেমনই সেই মিলন বা ঐক্যের উপায় বা প্রক্রিয়াকেও যোগ নামে অভিহিত করা হয়ে থাকে ভারতীয় অধ্যাত্ম পরম্পরায় । শ্রীভগবান তৃতীয় শর্ত হিসেবে বলছেন যোগং যুঞ্জন্ - অর্থাৎ যোগ অভ্যাস ক'রে বা যোগাভ্যাসের মাধ্যমে। তার মানে নিরন্তর যুক্ত থেকো ভগবানের সঙ্গে নিরন্তর যুক্ত থাকবার সাধনা বা প্রয়াসই হ'ল যোগলগ্ন থাকা বা যোগাভ্যাসের মূল। যখন আমরা স্নানান্তে শুদ্ধ বস্ত্র পরিধান ক'রে ঠাকুরঘরে বা ঠাকুরের ছবি বা মূর্তির সামনে বসে পুজো করছি - তখনই আমরা তবু একটা চেষ্টা করি ভগবানের সঙ্গে যুক্ত থাকতে। কিন্তু যখন আমরা অন্যান্য দৈনন্দিন কাজের সঙ্গে যুক্ত হই তখন আমরা যেন একেবারে বিস্মৃত হয়ে থাকি ভগবানকে। যেন দিনের ঐটুকু সময়ই আমাদের যোগসাধনার; বাকী সময়টুকু বিযুক্ত থাকবার বা বিস্মরণের। শ্রীভগবান গীতামুখে এই বিষয়টিই আমাদের মনে করিয়ে দিয়ে সংশোধনের চেষ্টা করছেন। তাঁকে নিঃসংশয়ে জানতে গেলে নিরন্তর তাঁর সঙ্গে সংযোগ অন্যতম প্রধান শর্ত।

তৃতীয় এই শর্তটির বিষয় আমরা শ্রীমদ্ভগবদগীতার প্রেক্ষাপটের কথা ভাবলে কিছুটা আভাসিত হতে দেখি। মহাভারতের ভীষ্মপর্বে গীতোপদেশ প্রদত্ত হচ্ছে। এই উপদেশাবলী হ'ল সকল উপনিষদের (সর্বোপনিষদঃ) সার। গাভীর অস্তিত্বের সারবস্তুস্বরূপ দুগ্ধ যেমন গোপ দোহন করেন — তেমনি সর্ব উপনিষদের সারবস্তুস্বরূপ জ্ঞানকে শ্রীভগবান স্বয়ং সংগ্রহ বা কলন ক'রে প্রদান করছেন অর্জুনকে। অর্জুন হলেন, যিনি অর্জন করবেন। এখন লক্ষ্য করবার বিষয় হ'ল এমন গভীর ও উচ্চতত্বের বিষয়ে উপদেশ কোথায় এবং কখন প্রদত্ত হচ্ছে? উত্তর হ'ল যুদ্ধক্ষেত্রে, যখন অনতিকাল পরেই আরম্ভ হতে চলেছে রক্তক্ষয়ী সংগ্রাম। না; তপোবনের নিভৃতিতে নয়, কেন এমন এক স্থান ও কালকে নির্বাচন করলেন ভগবান? একটিই কারণে ভগবানের সঙ্গে, ভগবৎ তত্বের সঙ্গে যুক্ত থাকতে হবে সর্বক্ষণ - জীবনের প্রতিটি যাপিত অনুপুঙ্খতার মধ্যে। জীবন ত' আসলে এক সংগ্রাম - এক যুদ্ধ। তাই জীবনযুদ্ধের প্রতীক হিসেবে কুরুক্ষেত্র যুদ্ধকে উপস্থিত করা হয়েছে এবং সেই যুদ্ধের সূচনাপর্বে ভগবান অর্জুনকে শোনাচ্ছেন ভগবদগীতার উপদেশ।

অতএব, এই তিন প্রাথমিক শর্ত হ'ল ভগবানকে নিঃসংশয়রূপে এবং সম্পূর্ণরূপে জানবার। এখানে নিঃসংশয়ভাবে জানাটাকেই সব জানা বলে বোঝান হয় নি; বলা হচ্ছে সম্পূর্ণরূপে জানা, অর্থাৎ, জীবনের প্রতিটি ক্ষেত্রে নানাভাবে যে তাঁর প্রকাশ - সেই সমস্তরূপকে জানা।

কখনও তাঁকে আমরা পাই পরম দয়ালরূপে, কখনও বা ভীষণ ভয়াল তাঁর ব্যক্তিত্ব, আবার অন্য সময়ে তাঁকে যেন খুঁজেই পাওয়া যায় না - তখন তিনি যেন খুবই নির্বিকার। তাঁর এই নানাবিধ পরিপ্রকাশের কোনও একটিকেই আমরা তাঁর একমাত্ররূপ বলে ধরে নিতে চাই। এই বিচ্ছিন্ন চেতনা নিয়ে ভগবানকে তাঁর সম্পূর্ণতায় পাওয়া যায় না। তাই গীতায় শ্রীভগবান বললেন তাঁর অখণ্ড সমগ্রতায় তাঁকে উপলব্ধির কথা। ''সমগ্রং মাং জ্ঞাস্যসি'' - ''সম্পূর্ণতঃ আমাকে তুমি জানবে''। আমরা যেমন জানব তাঁর দিব্য প্রকাশকে ; ঠিক তেমনই জানব তাঁর পার্থিব, বাস্তব এবং মানুষী প্রকাশকে; এবং একেবারে অনুরূপ গুরুত্বে আবিষ্কার করব তাঁর একান্ত ব্যক্তিকেন্দ্রিক প্রকাশকে আমাদের প্রত্যেকের অন্তরে। আমরা জানব তাঁর মহত্বকে, তাঁর শক্তিকে, তাঁর করুণাকে এবং তাঁর আরও অনেক গুণগত প্রকাশকে।

অনুবর্তী শ্লোকে শ্রীভগবান স্বয়ং অর্জুনকে আশ্বাস প্রদান করছেন এই ব'লে যে - ''অহম্ তে ইদম্ সবিজ্ঞানম্ জ্ঞানম্ অশেষতঃ বক্ষ্যামি, যৎ জ্ঞাত্বা ইহ ভূয়ঃ অন্যৎ জ্ঞাতব্যম্ ন অবশিষ্যতে'' - অর্থাৎ 'আমি তোমাকে বিজ্ঞান সহ এই জ্ঞানের বিষয় সম্পূর্ণরূপে বলব, যা জানলে এখানে (এই পৃথিবীতে) অন্য আরও কিছু জানবার মত আর অবশিষ্ট থাকে না।' শ্রীভগবানের কাছ থেকে প্রাপ্ত এটি একটি অমূল্য সহায়তার আশ্বাস। তিনি আমাদের বলছেন - বিজ্ঞানসহ একটি জ্ঞান বা জ্ঞাতব্য তিনি নিজেই আমাদের সম্পূর্ণভাবে বলবেন। বিজ্ঞানসহ মানে হ'ল উপলব্ধি সহ। একটি বিষয়সম্পর্কিত জ্ঞান প্রথমে আমাদের কাছে লব্ধ হয় তত্বগতভাবে; পরিভাষায় যাকে বলে theoretically। যতঃক্ষণ তা তত্ব হিসেবে আমাদের চেতনায় অবস্থান করে ততঃক্ষণ তার প্রয়োগের ক্ষেত্র বিশেষভাবে সীমাবদ্ধ থাকে। আমাদের অস্তিত্ব হ'তে তা যেন পৃথক কোনোও একটি অস্তিত্ব হিসেবে আপন স্বাতন্ত্র্য বজায় রেখে তত্বটির স্থান হয় আমাদের মনে। ক্রমে, আমাদের আন্তর প্রেরণা এবং অভীপ্সা যদি জাগ্রত হয় - তাহলে বিশেষ বিশেষ ক্ষেত্রে এই তত্বগত জ্ঞান যুক্ত হয় জীবনের সঙ্গে। নিছক লব্ধ জ্ঞান তখন হয়ে ওঠে উপলব্ধ বোধ। পৃথিবীতে একেবারে আমাদের মত সাধারণ মানুষের ক্ষেত্রেও লব্ধ বোধ ক্রমে জীবনের পথচলার মধ্যে দিয়ে জেগে ওঠা প্রেরণার স্পর্শে সামান্য কয়েকটি ক্ষেত্রে উপলব্ধ বোধে পরিণত হয়। কিন্তু, এখানে শ্রীভগবান বলছেন - ইতঃপূর্বোক্ত নির্দেশসমূহ অনুসরণের মাধ্যমে যদি আমরা তাঁকে সম্পূর্ণতঃ জানতে প্রয়াসী হয়ে থাকি তাহলে তিনি নিজেই সকল তত্বকে অন্তরে উপলব্ধি করিয়ে দেবেন। এ' হ'ল তাঁর করুণা বা Grace । কিন্তু মনে রাখতে হবে তাঁর এই করুণা বা Grace -এর উপযুক্ত আমাদের হয়ে উঠতে হবে তাঁর নির্দেশ অনুসরণের মধ্যে দিয়ে। তাঁর কৃপা, তাঁর করুণা ত' নিরন্তর বর্ষিত হচ্ছে সকলের ওপর। আমরা যারা এই সংসাররূপ কুরুক্ষেত্রে সংগ্রামরত তাদের সকলের উপরেই অকৃপণধারে বর্ষিত হয়ে চলেছে শ্রীভগবানের করুণাধারা। কিন্তু তা' গ্রহণ করতে পারবেন বা অন্তরে ধারণের মাধ্যমে সহযোগিতা প্রাপ্ত হবেন তাঁরাই যাঁরা তাঁর নির্দেশ পালন করেছেন। শ্রীমদ্ভগবদগীতা এই নির্দেশের একেবারে আকরগ্রন্থ।

শুধুমাত্র ''জ্ঞানবিজ্ঞানযোগ'' শিরোনামাঙ্কিত সপ্তম অধ্যায়ই নয় -প্রতিটি অধ্যায়েই শ্রীভগবান আমাদের জন্যে তাঁর অশেষ করুণাভরে এমন সব নির্দেশ প্রদান করেছেন - যে সমস্তগুলির অনুসরণে ব্যক্তিজীবন রূপান্তরিত হয়ে উঠতে পারে দিব্যজীবনে ।

# সমন্বয়

**অশোক রায় চৌধুরী**
**শ্রী শ্রী করুণাময়ী কালীবাড়ী, কলকাতা**

ঠাকুর বলতেন “ সংসারে থাকবে বড়ো লোকের দাসি হয়ে।” কেন ঠাকুর এই বড়ো লোকের বাড়ির দাসির কথা বল্লেন ? সংসার করা মানে শুধু ঘরের সংসার করা নয়। আমরা সংসারী মানুষ, তাই আমরা বেশির ভাগ মানুষ খুব ব্যস্ত। বই পড়ার সময় নেই, যে কারণে লাইব্রেরিগুলি ফাঁকা, বসার চেয়ার গুলিতে ধুলো পড়ে যাচ্ছে। এই যুগে ধর্মের বই পড়বো সময় কই? কথামৃতই হল এই যুগের মুক্তির একমাত্র পথ। আমরা যদি আমাদের সমস্ত কাজ সেরে কথামৃতের একটা করে লাইন পড়ি তাহলে আমাদের শরীর মন ভাল থাকবে, যেমন চন্দন কাঠ ঘষলে, সুন্দর গন্ধ বের হয়, তেমনি চন্দন গাছের পাশে থাকা সব গাছগুলিতেও চন্দনের গন্ধ হয়ে যায়। ঠিক তেমনি কথামৃতও আমাদের সমস্ত সমস্যার থেকে মুক্তির পথ বলে দেবে। আমরা চোখ থাকতে চোখের মর্ম বুঝি না, তাই আমাদের সময় নেই ঠাকুর কেন বড়োলোকের বাড়ির দাসির কথা বললেন; ঠাকুরের কথা বোঝা যদি এত সহজ হতো তাহলে আমাদের এত সমস্যা থাকতো কি? আমরা বুঝি, কখন বুঝি? যখন সব অভিনয় আমাদের শেষের পথে আসে তখন আমরা কিছু না পেয়ে কাউকে ধরার চেষ্ঠা করি, আর তখন আমাদের এই দুর্বলতার সুযোগ নিয়ে বিভিন্ন ডিগ্রি প্রাপ্ত কিছু মানুষ এই সমাজে কিছু ফাঁদ পেতে রেখেছে, সেই পেতে রাখা ফাঁদে আমরা আমাদের নিজেদের তৈরি করা সমস্যা নিয়ে হাজির হই। কিন্তু আমরা একবারও চিন্তা করে দেখি না যে আমি যে সমস্যাটা নিয়ে সমাধান বা প্রতিকার করতে আর একজন মানুষের কাছে যাচ্ছি, সেই সমস্যাটা কি? আমরা ভেবে দেখি না সমস্যাটা কেন এলো? অথবা আমার এই অসুবিধা কি আমি নিজেই তৈরি করলাম ? নাকি কেউ চাপিয়ে দিল? এই সব না ভেবেই চললাম সমস্যার সমাধান করতে।

সমস্যাটা নিয়ে আগে ভাবতে হবে। আমরা যদি একটু আমাদের অতীতের দিকে তাকাই , আমরা দেখতে পাব আমরা বাবা-মা, জ্যেঠু-জ্যেঠিমা, কাকু-কাকিমা, এবং দাদু-ঠাকুরমা, ভাই, বোন সকলকে এক সাথে নিয়ে ভরা সংসারে থাকতাম। তখন তাঁরা সমস্যার কথা চিন্তাই করতে পারতেন না। বরং তাঁরা নিত্য দিন বিভিন্ন উৎসবে মেতে থাকতেন। যেমন - রান্না পূজা, রথযাত্রা, মহালয়ার রাত জাগা, দুর্গা পূজা, বিজয়া সম্মিলনী, কালী পূজা, ভাই ফোঁটা এই রকম সব আনন্দের উৎসবে মেতে থাকতেন। কেউ বাজার যাচ্ছেন, কেউ মুদির দোকান কেউ বা কয়লা আনতে যেতেন। মা, কাকিমা, জ্যেঠিমার মধ্যে যে যেই রান্নাটা ভালো করতেন তা তারা নিজেরাই করতেন। সব কাজ নিজেদের মধ্যে হাসতে হাসতে ভাগ করে নিতেন। আর এখন নিজের রান্না নিজে করা তো উঠেই গেছে, সব হোম-ডেলিভারি, কি দিলো না দিলো তা দেখার সময় নেই। জামা, কাপড়, রান্না থেকে A to Z সব হোম ডেলিভারি হয়ে যাচ্ছে।

এই রকম হোম-ডেলিভারির একটা ঘটনা বলা যাক — “ হাতে সময় নেই তাই ছেলের জন্য পুজোর প্যান্ট জামা, অনলাইনে অর্ডার হলো, এই দিকে পূজা বাকি মাত্র হাতে গোনা কটা দিন, একদিন বাকি থাকতে ফোনে SMS এলো আপনার অর্ডার পাঠানো হবে২৪ঘন্টার মধ্যে। ২৪ ঘন্টার মধ্যে আসবে SMS; আসার ১২ ঘন্টার মধ্যে সিল করা প্যাকেট এলো। তখন রাত্রি ১২টারও বেশি বাজে। যিনি ডেলিভারি দিতে আসলেন তাকে ক্রেতা প্রশ্ন করলেন এত রাত্রে এলেন? উনি বললেন, কি করবো বলুন চার রাত জেগে আছি, এতো অর্ডার, আজ সারা রাত ডেলিভারি করতে হবে। যেই অর্ডারটি আমি করেছিলাম সেটি দিলেন এবং প্যাকেটের উপর দিয়ে বিল ছিঁড়ে টাকাটা বুঝে নিয়ে লোকটি চলে গেলেন। বিভিন্ন কাজে ব্যাস্ততার জন্য দোকানে গিয়ে কেনাকাটার সময় প্রায় নেই বল্লেই চলে। তাই অনলাইনে অর্ডার। তার পর প্যাকেট খুলে ক্রেতা এবং তার স্ত্রী দুজনে দেখলেন ছেলের জামা আর প্যান্টের বদলে এক জোড়া শাড়ি। এই নিয়ে দুজনের মধ্যে এক অশান্তির শুরু হল যা খুব বাজে জায়গায় পৌঁছায়।

ঠাকুর বড়োলোকের বাড়ির দাসি কেন বলেছেন? ছোট সংসারে, স্বামী, স্ত্রী এবং একটি বা দুটি সন্তান 1 room flat নিয়ে একটি সংসার যা এখন nucleur family (ছোট বা ছিমছাম সংসার) নামে ভীষণ পরিচিত। ছোট সংসারের আবার সমস্যা কি। প্রথম সমস্যা দেখা যাচ্ছে এই ছোট সংসারে আমরা সবাই কাজ করি, বাড়িতে কেউ থাকি না। তাহলে সমস্যা কেন হবে? আর আমাদের সন্তান সে তো আজ কাল, কি যেন একটা ভাষা বলে, বাচ্চাদের সেখানে রাখে (creche না কি) বা আয়ার কাছে বাচ্চারা থাকে আর রাত্রে আসে। তা হলে আর আমাদের সমস্যা কী? দ্বিতীয় সমস্যা হল আমরা কেউ একবারও ভাবছি না আমরা কি সংসার করছি। এটা কি আমাদের দেশীয় সংস্কৃতি নাকি বিদেশী কালচার। বিদেশী কালচার আনতে গিয়ে দেশীয় সংস্কৃতি ভুলছি, যে কারণে একটু অর্থ ব্যয় করে যদি পড়াশোনা ভালো শিখি তাহলে বিদেশী কোম্পানীগুলিতে চাকরী বাঁধা। দেশীয় কোম্পানীগুলি বন্ধ হচ্ছে, union বাজি ও ক্ষমতার ব্যবহারে management আর union এর

লড়াই এর জন্য। রোজ দেশী কারখানাগুলো বন্ধ হচ্ছে তার বড়ো কারণ, একে অপরের মধ্যে বোঝাপড়া আর পার্টিবাজি। আমি যদি ভাবতাম কারখানাটা আমার মন্দির আর মালিক হল ভগবান, আমরা হলাম তার সেবক, এই তিন সমন্বয় স্থাপন করে আমাদের এগিয়ে চলতে হবে। এটা ভাবতে হবে আমি এর কোন ক্ষতি হতে দেবোনা। আমরা ঠিক থাকলে কি হবে কিছু ধান্দাবাজ মানুষ তাদের ক্ষমতা ধরে রাখার জন্য এবং আমাদের বলির পাঁঠা করার জন্য আমাদের ঠিক থাকতে দেবে না । এতে আমাদের পরবর্তি প্রজন্ম সব বিদেশী কালচারে চলে যাচ্ছে; কারণ বিদেশী কোম্পানীগুলিতে ইউনিয়ন নেই, ইচ্ছে হলে থাকবে, না হলে অন্য কোম্পানীতে চলে যাবে। কিন্তু আমরা যদি আমাদের দেশকে ভালবেসে আমাদের মাতৃভুমিকে জাগ্রত করি তবে আমাদের মাতৃভূমি আবার জগত সভায় শ্রেষ্ঠ আসন পাবে, কিন্তু এই ভাবে না চললে আমাদের সামনে বড় বিপদ আরো বড়ো সমস্যা উপস্থিত হবে।

আমরা যখন একটু পুরানো হলাম তখন আমাদের সংসারও পুরানো হতে লাগলো, এবং তার প্রভাব বাড়ি, গাড়িথেকে শেষে সংসারটাও পুরানো হয়ে যায় এবং সমস্যার শুরু হয়, কারণ প্রত্যেকেই চাকুরিজীবি। সকলের ব্যাঙ্ক একাউন্ট বেড়ে গেছে, তাই এই একাউন্টের ভার আমাদের সমস্যা শুরু করে। কারণ কেউ কম মাইনা পাই না। এই বিশাল অর্থের কারণে বর্তমান যুগে অহংকার শরীরে প্রবেশ করে। তখন আমরা সবাই বিশাল ক্ষমতা অর্জন করে ফেলি। আমাদের adjustment এর ক্ষমতা চলে যায়। এই সময় আমাদের ঠাকুরের সেই উক্তি বড়ো লোকের বাড়ির দাসি কথাটা ব্যবহার করা খুব দরকার। কিন্তু আমাদের সেই কথা বলবে কে বা বোঝাবে কে? আমরা তো চলে যাচ্ছি সমস্যা মেটাতে স্বার্থান্বেষী ফাঁদ পাতা কিছু মানুষের কাছে। তাদের মধ্যে কিছু শ্রেণী আছে যারা অন্যদের তুলনায় একটু আলাদা; তারা কিছু ভাল উপদেশ দেন যদিও সেটা সংখ্যায় খুব কম। কারণ আমরা স্বার্থ ছাড়া কিছু করবো সেটাতো খুব কঠিন কাজ। পুরানো সংসার হলে আমাদের প্রথম সমস্যাটা একটু ব্যাখ্যা করি। ঋণের বোঝা, বাড়ির ঋণ, গাড়ির ঋণ, তারপর আবার আসবাব পত্রের ঋণ। এত ঋণ যে আমরা যা আয় করছি তার থেকে বেশী ঋণ করছি, আর ঋণ দেওয়ার জন্য অনেক সংস্থা আবার বাড়িতেই চলে আসছে ১০মিনিটে ঋণ পাইয়ে দেবে, কিন্তু সে তার ব্যবসা করতে আসছে আর আমাদের শেষ করে দিচ্ছে। ঋণের চিন্তায় কেউ রাত্রে নেশা করে বাড়ি ফিরছে, কেউ আবার খুব বিধ্বস্ত হয়ে। কারণ ঋণ তো আর আমাদের ছাড়বে না। শোধ করতে না পারলে সুদ বাড়তে বাড়তে এমন জায়গায় পৌঁছাবে যা আমাদের পক্ষে শোধ করা অসম্ভব। এর হাত থেকে বাঁচতে বাধ্য হয়ে আমরা আত্মহত্যার পথ বেছে নিচ্ছি। আমরা একটুও নিজেদের কথা ভাবছি না যে আমাদের একটা সংসার আছে, সন্তান আছে, তাকে আমরা কতটা সময় দিচ্ছি বা আমরা কতটা নিজেদের মধ্যে সমন্বয় বাড়াচ্ছি। বাড়ি ফিরে কথা বলার মতো সময় নেই, যা প্রথম দিকে ছিল। আসলে তখন তো নতুন নতুন সব কিছুই ভালো লাগে কিন্তু আমরা যদি নিজেদের মধ্যে প্রবেশ করি। নিজেদের মধ্যে প্রবেশ আমরা নিজেরা করবো কি করে? এটাই সেই ঠাকুরের দাসির কথা সংসার করবো ভালোবাসা ত্যাগ, বোঝাপড়া দিয়ে, সেটা কি আমরা করি? যদি আমরা করতাম তাহলে সমস্যা কমতেথাকবে। আমরা চিন্তা করি না যে আমরা যে পথে চলছি তা সঠিক নয়। নিজের অন্তরকে যদি আমরা প্রশ্ন করি আমাদের সমস্যার সমাধান আমরা নিজেরাই খুঁজে পাবো, অন্য কোথাও যেতে হবে না। এর ফলে আন্তরিকতা বাড়বে, বোঝাপড়া বাড়বে, সুবিধাবাদীরা পালাবে। চিন্তা আসবে আমি যে ঈশ্বরের সৃষ্টি। সে পারছে আর আমি পারবো না? কে আমি? তখন আমরা বুঝতে পারবো আমরা সেই ঠাকুরের বড়োলোকের বাড়ির দাসি।

কলি যুগ এটা, এই যুগে যে কিছু করতে চায় সে হয়ে যায় ভিলেন আর যে কিছুই করে না সে হয় নায়ক। এটা জেনে রাখা দরকার সত্যের শক্তির জোর শক্তিশালী মিথ্যার শক্তির থেকেও অনেক বেশি।

এবার ঠাকুরের উক্তি নিয়ে সংগঠনের কথায় যাওয়া যাক। একদিন এক মহারাজ একটি আশ্রমের কথা বলেছিলেন যে সেই আশ্রমটি আগে খুব ভালো চলত, এখন যেন কি রকম হয়ে গেছে। আগে প্রচুর ভক্ত সমাগম হতো, বিভিন্ন অনুষ্ঠান হতো, সবার মধ্যে একটা একতা এবং সমন্বয় ছিল। এখন কেউ কাউকে দেখতে পারে না। সবাই সবাইকে অবিশ্বাস করছে দেখে এখন কষ্ট হয়। ওই ঈশ্বর চিন্তা না করলে যা হয়। মহারাজ বলছেন আমাদের আশ্রমের সামনে দিয়ে একটি রাস্তা গেছে। সেই রাস্তার দুই ধারে বড়ো বড়ো গাছ, মন খারাপ অবস্থায় মহারাজ একদিন ঐ রাস্তা দিয়ে আসছিলেন, এমন সময় এক সাধুকে দেখলেন বিশ্রাম নিচ্ছেন, তখন সেই মহারাজ বিশ্রামরত সাধুটির কাছে গেলেন এবং তাদের আশ্রমের সমস্যার কথা বললেন, সাধু বললেন কালকে বলবো, তুমি কালকে এসো। পরের দিন ভোর হতেই কয়েক জনকে নিয়ে সেই মহারাজ সাধুর কাছে গেলেন, এবং সন্ন্যাসীকে বললেন আপনি আজ আসতে বলেছিলেন, তাই আমরা এসেছি। আপনি বলুন এই সমস্যা কিভাবে মিটবে? সাধু বললেন শোনো বাবা, তোমাদের আশ্রমে এমন একজন আছে যার মধ্যে ঈশ্বর বিরাজ করেন, সেই ব্যক্তির অযত্ন হচ্ছে। তাই এই অবস্থা। তার যত্ন ঠিক ঠাক হলে দেখবে আবার আগের মতো অবস্থা ফিরে আসবে। যাও গিয়ে সেই ব্যক্তির খোঁজ করো। মহারাজরা অবাক হয়ে শুনলেন এবং আশ্রমে ফিরে গিয়ে একে অপরের মধ্যে খুঁজতে লাগলেন এবং সবাই খুঁজতে লাগলেন কার মধ্যে ঈশ্বর বিরাজ করছেন। সবাই সবাইকে ঈশ্বরজ্ঞানে চিন্তা করতে শুরু করলেন। এতেই আশ্রমের একতা ফিরে এলোএবং আশ্রম আগের মতো অবস্থায় ফিরে

গেল। আমাদের এই উপদেশে সংসারে অনেক অনেক শান্তি ফিরে আসবে। আমরা যদি একটু বিশ্বাস করি, যদি একটু সমন্বয় বাড়াই, দেখবো আমাদের কোনো সমস্যা নেই আর নতুন করে তৈরিও হবেনা। এবং প্রতিজ্ঞা করতে হবে শান্তির জন্য সব কিছু ত্যাগ করতে পারি কিন্তু কোনো কিছুর জন্য শান্তি ত্যাগ করা সম্ভব নয়। আমাদের এখন একান্ত প্রয়োজন সমন্বয় আর এই সমন্বয় ফেরাতে আমাদের অনেক লড়াই করতে হবে। ঈশ্বরের কাছে আমরা প্রার্থনা করি যে হে ঈশ্বর আমাদের শ্রদ্ধা ভক্তি দাও, আমাদের দুর্বলতা দূর কর এবং আমাদের সমন্বয় ফিরিয়ে দাও। এই প্রসঙ্গে মা সারদা বলছেন ''যদি শান্তি চাও কারোর দোষ দেখবে না, দোষ দেখবে নিজের, সকলকে আপন করতে শেখো।''

''ওঠো ভারত, তোমার আধ্যাত্মিকতা দিয়ে জগৎ জয় করো।
এই দেশেই এ কথা প্রথম উচ্চারিত হয়েছিল ঃ ঘৃণার দ্বারা ঘৃণাকে
জয় করা যায় না, প্রেমের দ্বারা তাকে জয় করতে হয়।
আমাদের সেটাই করতে হবে।''

— স্বামী বিবেকানন্দ

---

# পাগলের প্রলাপ

**কণাদ ভট্টাচার্য্য, সদস্য,এম.এইচ.ই**

একটা কথা পরিষ্কার করে বলতে চাই,
My Lord, Sri Ramakrishna - তুমি GREAT !

জ্ঞান হবার পর থেকে, দেখা, শোনা ও জানার শুরু
অনেকটা সময় অতিক্রান্ত......
সমুদ্রতে ভেলায় চড়ে
অসমান রাস্তায় পথ চলে,
কিছুটা আধো আধো বলতে শিখছি,
My Lord Sri Ramakrishna - তুমি ঠাকুর GREAT !

তুলনা ভ্রান্ত, সিদ্ধান্ত অস্থির । মন বিচলিত, বিক্ষিপ্ত
আসক্তির তাড়নায় প্রাণ ওষ্ঠাগত,
যেদিকে তাকাই ভোগপর্বের বিরাট সমারোহ,
বাধাহীন পাশব সোল্লাস বিচরণ।
এত কিছুর মাঝেও আকাশ বাতাস জুড়ে তীব্র চিৎকার
My Lord Sri Ramakrishna - তুমি বাবা GREAT !

আকুলতায় বিহ্বল, কেন ভাবাহত
নিয়ন্ত্রণ কেন ক্ষীণতর
মন হারাচ্ছে বারবার
পরাজিতকে লোভ এসে তামাশা করে বারবার,
হেরেও না হারার বাণী সজোরে বাজে,
My Lord Sri Ramakrishna - তুমি সত্যি GREAT !

টাকা পয়সা ক্ষমতার তেরোপার্বন,
নৈতিক অবনমনের অবিরত ধারা,
মানুষকে দাবিয়ে ওঠার -
পাশব আস্ফালন।
জীবনযুদ্ধের পাল মারছে ঝাপটা,
বেসামাল হচ্ছি প্রতিনিয়ত
ঈশ্বর এ দীনে করো করুণা
আবার দাবী জানাবো - কাঁপবে আকাশ, বাতাস সবকিছু
My Lord Sri Ramakrishna, তুমিই GREAT !

না পাওয়ার কান্নাগুলো মনে ভিড় করে আসে,
অতৃপ্ত বাসনা ঘুমের মাঝে ঢিল ছোঁড়ে......
মিথ্যা সুখগুলো রাতের অন্ধকারে কড়া নাড়ে,
এবার এক্কেবারে নিজেকে পাগল করে তুলি আর চেঁচাই-
My Lord, Sri Ramakrishna - একদম GREAT !

বাঁচাবে তুমি, রাখবে তুমি।
ওঠাবে তুমি, কাঁদাবে তুমি.....
জাগাবে তুমি, ছোটাবে তুমি
আনন্দ তুমি, তুমিই তুমি
জ্ঞান অজ্ঞানের পারে, সাদা ধুতি পরা পাগলা ঠাকুর
সত্যি সত্যি সত্যি
তুমি GREAT !!!

# Theories of Motivation: Journey from Maslow to Mcgregor

**Nirjhar Chakravorti**
Member, Amader Arpan

